| (৪৩৫) | রানাগাছা | ১৯৯ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৩৬) | গোড়ারকান্দা | ২০০ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৩৭) | সেহড়াতলী | ২০১ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৩৮) | বানাড়েরপাড় | ২০২ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৩৯) | কুমারিয়া | ২০৩ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৪০) | দড়িহামিদপুর | ২০৪ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৪১) | চক্ বেলতলী | ২০৫ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৪২) | চরিমাগুরা | ২০৬ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৪৩) | ডেঙ্গারঘর | ২০৭ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৪৪) | বেড়াপাথলিয়া | ২০৮ | জামালপুর সদর | জামালপুর |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪৪৫) | পক্ষীমারী | ২০৯ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৪৬) | ফতেপুর | ২১০ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৪৭) | শ্রীপুর কুমারিয়া | ২১১ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৪৮) | শ্রীপুর (১ম খণ্ড) | ২১২ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৪৯) | কৈডোলা | ২১৩ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৫০) | সেঙ্গুয়া | ২১৪ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৫১) | হায়াতপুর (২য় খণ্ড) | ২১৫ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৫২) | তেইলান পাকুলস্না (২য় খণ্ড) | ২১৬ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৫৩) | মনতলা হালুয়া রাজার হট্ট | ২১৭ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৫৪) | রামনগর | ২১৮ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৫৫) | দড়িপাড়া (হায়াতপুর) | ২১৯ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৫৬) | রামকৃষ্ণপুর | ২২০ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৫৭) | হায়াতপুর (১ম খণ্ড) | ২২১ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৫৮) | ভালুকা (খণ্ড) | ২২২ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৫৯) | শ্রীপুর (২য় খণ্ড) | ২২৩ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৬০) | কেশবপুর | ২২৪ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৬১) | ভালুকা (১ম খণ্ড) | ২২৫ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৬২) | বিষ্ণুপুর | ২২৬ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৬৩) | ভালুকা (৩য় খণ্ড) | ২২৭ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৬৪) | ভাগরা | ২২৮ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৬৫) | বাঁশচড়া | ২২৯ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৬৬) | ভাগড়া (৩য় খণ্ড) | ২৩০ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৬৭) | আজুগিতলা | ২৩১ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৬৮) | গোবিন্দপুর | ২৩২ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৬৯) | পলাশতলা | ২৩৩ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৭০) | ভাগড়া (১ম খণ্ড) | ২৩৪ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৭১) | বটতলা | ২৩৫ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৭২) | জামিরা | ২৩৬ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৭৩) | বড়ই তাইর | ২৩৭ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৭৪) | ফরিদপুর | ২৩৮ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৭৫) | বৈঠামারী | ২৩৯ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৭৬) | জিগাতলা | ২৪০ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৭৭) | ঝাউলা | ২৪১ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৭৮) | নবাবপুর | ২৪২ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৭৯) | চাঁদপুর | ২৪৩ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৮০) | তেঘরী | ২৪৪ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৮১) | মোহনপুর | ২৪৫ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৮২) | কোচন্দরা | ২৪৬ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৮৩) | চর গাড়ামারা | ২৪৭ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৮৪) | ছাতিয়ানতলা | ২৪৮ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৮৫) | তুলসীর চর | ২৪৯ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৮৬) | বাছুর আলগী | ২৫০ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৮৭) | ডিগ্রির চর | ২৫১ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৮৮) | পিয়ারপুর | ২৫২ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৮৯) | সূত্রাপুর | ২৫৩ | জামালপুর সদর | জামালপুর |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪৯০) | বাড়ীঘাগরী | ২৫৪ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৯১) | মির্জাপুর | ২৫৫ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৯২)) | জাগির মির্জাপুর | ২৫৬ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৯৩) | দুপাইটাইল | ২৫৭ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৯৪) | মূলাঘাটা | ২৫৮ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৯৫) | ইটাইল | ২৫৯ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৯৬) | মানিকের চর | ২৬০ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৯৭) | শ্রীচন্দবাড়ী | ২৬১ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৯৮) | মীরাপুর | ২৬২ | জামালপুর সদর | জামালপুর |
| (৪৯৯) | নরম্নন্দি | ২৬৩ | জামালপুর সদর | জামালপুর |
| (৫০০) | চক্ কল্যাণ | ২৬৪ | জামালপুর সদর | জামালপুর |
| (৫০১) | নলকুড়ী | ২৬৫ | জামালপুর সদর | জামালপুর |
| (৫০২) | দাপনেশ্বর | ২৬৬ | জামালপুর সদর | জামালপুর |
| (৫০৩) | আড়ালিয়া | ২৬৭ | জামালপুর সদর | জামালপুর |
| (৫০৪) | হেলেঞ্চা | ২৬৮ | জামালপুর সদর | জামালপুর |
| (৫০৫) | বন্দরৌহা | ২৬৯ | জামালপুর সদর | জামালপুর |
| (৫০৬) | দখলপুর | ২৭০ | জামালপুর সদর | জামালপুর |
| (৫০৭) | শৈলের কান্দা | ২৭১ | জামালপুর সদর | জামালপুর |
| (৫০৮) | রোহিলী | ২৭২ | জামালপুর সদর | জামালপুর |
| (৫০৯) | দম্‌দমা | ২৭৩ | জামালপুর সদর | জামালপুর |
| (৫১০) | গাঙ্গকান্দা | ২৭৪ | জামালপুর সদর | জামালপুর |
| (৫১১) | টাঙ্গিরকান্দা | ২৭৫ | জামালপুর সদর | জামালপুর |
| (৫১২) | গাজিয়ারপাড়া | ২৭৬ | জামালপুর সদর | জামালপুর |
| (৫১৩) | রাজাপুর | ২৭৭ | জামালপুর সদর | জামালপুর |
| (৫১৪) | চরিমাগুড়া | ২৭৮ | জামালপুর সদর | জামালপুর |
| (৫১৫) | জোকা | ২৭৯ | জামালপুর সদর | জামালপুর |
| (৫১৬) | গোপালপুর | ২৮০ | জামালপুর সদর | জামালপুর |
| (৫১৭) | নিশিন্দাপাড়া | ২৮১ | জামালপুর সদর | জামালপুর |
| (৫১৮ | কুতুববাড়ী | ২৮২ | জামালপুর সদর | জামালপুর |
| (৫১৯ | সেখবাড়ী | ২৮৩ | জামালপুর সদর | জামালপুর |
| (৫২০) | ইদিলপুর | ২৮৪ | জামালপুর সদর | জামালপুর |
| (৫২১) | হরিপুর | ২৮৫ | জামালপুর সদর | জামালপুর |
| (৫২২) | বন্দচিথলিয়া | ২৮৬ | জামালপুর সদর | জামালপুর |
| (৫২৩) | চিথলিয়া | ২৮৭ | জামালপুর সদর | জামালপুর |
| (৫২৪) | তারাকান্দা | ২৮৮ | জামালপুর সদর | জামালপুর |
| (৫২৫) | বড়ইকুড়া | ২৮৯ | জামালপুর সদর | জামালপুর |
| (৫২৬) | বন্দসানাকুড়া | ২৯০ | জামালপুর সদর | জামালপুর |
| (৫২৭) | বড়কান্দা | ২৯১ | জামালপুর সদর | জামালপুর |
| (৫২৮) | হাতিবান্দা | ২৯২ | জামালপুর সদর | জামালপুর |
| (৫২৯) | বন্দদ্বারিকাজানি | ২৯৩ | জামালপুর সদর | জামালপুর |
| (৫৩০) | ঘোড়াধাপ | ২৯৪ | জামালপুর সদর | জামালপুর |
| (৫৩১) | কটারবাড়ী | ২৯৫ | জামালপুর সদর | জামালপুর |
| (৫৩২) | মির্জাপুর | ২৯৬ | জামালপুর সদর | জামালপুর |
| (৫৩৩) | সুবর্ণখিলা | ২৯৭ | জামালপুর সদর | জামালপুর |
| (৫৩৪) | মাদারপুর | ২৯৮ | জামালপুর সদর | জামালপুর |
| (৫৩৫) | হরিনাকান্দা (চান্দপুর) | ২৯৯ | জামালপুর সদর | জামালপুর |

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

**ভূমি মন্ত্রণালয়**

**অধিগ্রহণ শাখা-০১**

**এল এ কেস নং ২৭ জি/১৯৭৭**

**ফরম ঘ**

**ঘোষণা**

**[ সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ ]**

তারিখ, ০২ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৪.১৪-৫৫**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা অনুযায়ী ৩১-০৫-১৯৭৮ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ০৫ ধারার (৫) উপধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজার নামঃ হরিপুর, জেএল নং ৪৯, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২ | ১.৪০০০ |
| ৩ | ০.০৪০০ |
| ৪ | ০.০৪০০ |
| ৫ | ০.২৯০০ |
| ৬ | ০.৪১০০ |
| ৭ | ০.০২০০ |
| ১৮ | ০.১১০০ |
| | সর্বমোট=২.৩১০০ একর। |

**এ.টি.এম. আজহারুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**এল এ কেস নং ৫৭ জি/১৯৭৭**

**ফরম ঘ**

**ঘোষণা**

**[ সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ ]**

তারিখ, ০২ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৪.১৪-৫৫**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা অনুযায়ী ২৪-০৪-১৯৮০ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ০৫ ধারার (৫) উপধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজাঃ পাইকড়তলী, জেএল নং ১৬৩, উপজেলাঃ সারিয়াকান্দি, জেলাঃ বগুড়া।

| দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২৩ | ০.১৫ |
| ৩৩ | ০.০১ |
| ৩৫ | ০.২৯ |
| ৯৭ | ০.১৪ |
| ৯৮ | ০.২৮ |
| ৯৯ | ০.০৮ |
| ১০২ | ০.১২ |
| ১০৩ | ০.১৭ |
| ১০৪ | ০.১৫ |
| ১০৫ | ০.২৯ |
| ১০৬ | ০.২৯ |
| ১০৭ | ০.১৩ |
| ১০৮ | ০.১৩ |
| ১০৯ | ০.০৯ |
| ১১০ | ০.১২ |
| ১১১ | ০.৪৬ |
| ১১২ | ০.২২ |
| ১১২/৩৫৭ | ০.২১ |
| ১১২/৩৫৮ | ০.২৬ |
| ১১২/৩৫৯ | ০.১৫ |
| ১১৩ | ০.২৩ |
| ১১৪ | ০.০৮ |
| ১১৫ | ০.১১ |
| ১১৬ | ০.১৪ |
| ১১৭ | ০.০২ |
| ১১৮ | ০.১১ |
| ১১৯ | ০.০৫ |
| ১২৭ | ০.০১ |
| ১২৮ | ০.০৬ |
| ১২৯ | ০.০৩ |
| ১৩০ | ০.০১ |
| ১৩২ | ০.৩৮ |
| ১৩৩ | ০.০৩ |
| ১৩৪ | ০.০৫ |
| ১৩৬ | ০.০৬ |
| ১৩৭ | ০.০৯ |
| ১৩৩/৩৬০ | ০.১২ |
| ১৩৮ | ০.১৪ |
| ১৩৯ | ০.১৯ |

| দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১৪০ | ০.০৭ |
| ১৪১ | ০.০৬ |
| ১৪২ | ০.১১ |
| ১৪৩ | ০.১৬ |
| ১৪৩/৩৬১ | ০.০৮ |
| ১৪৪ | ০.৭০ |
| ১৪৫ | ০.৩৩ |
| ১৪৬ | ০.১৪ |
| ১৪৭ | ০.০৬ |
| ১৪৭/৩৬২ | ০.০৪ |
| ১৪৮ | ০.০৯ |
| ১৫০ | ০.১৬ |
| ১৫১ | ০.২০ |
| ১৫২ | ০.২৮ |
| ১৫৪ | ০.০৬ |
| ১৫৫ | ০.০৬ |
| ১৫৬ | ০.০৫ |
| ১৫৭ | ০.০৪ |
| ১৫৭/৩৬৩ | ০.০৫ |
| ৩১৯ | ০.১৭ |
| ৩২০ | ০.১০ |
| ৩২১ | ০.২৮ |
| ৩২৩ | ০.২৪ |
| ৩২৪ | ০.৩৫ |
| ৩২৫ | ০.০৮ |
| ৩২৭ | ০.১৪ |
| ৩২৮ | ০.২২ |
| ৩২৯ | ০.২৫ |
| ৩৩০ | ০.১৯ |
| ৩৩১ | ০.৩৪ |
| ৩৩২ | ০.২৭ |
| ৩৩৩ | ০.১০ |
| ৩৩৪ | ০.০৫ |
| ৩৩৫ | ০.০২ |
| ৩৪০ | ০.১৩ |
| ৩৪১ | ০.৪৮ |
| ৩৪২ | ০.১৮ |
| ৩৪৩ | ০.২২ |
| ৩৪৪ | ০.১৯ |
| ৩৪৫ | ০.৪২ |
| ৩৪৬ | ০.০৬ |
| ৩৪৭ | ০.০১ |
| ৩৪৮ | ০.০২ |
| ৩৪৯ | ০.০৫ |
| মোট=১২.৯২ একর। | |

**এ.টি.এম. আজহারুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**শাখা নং ১০**

**এল এ কেস নং ০২/১৯৮০-৮১**

**ফরম ঘ**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ০২ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৭৮.১৪-৫৬**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ধারা মোতাবেক ১৫-১০-১৯৮০ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

জেলাঃ শরীয়তপুর, উপজেলাঃ শরীয়তপুর সদর, মৌজাঃ ৮৯নং পশ্চিম পরাসর্দী।

এস এ দাগ নং ৮, ৯, ১২, ১৩, ১৮, ১৯, ২৩ ও ৩২

জমির পরিমাণঃ ১.৬৬ একর।

জমির নক্সা শরীয়তপুর কালেক্টরেট এর এল এ শাখায় দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ.টি.এম. আজহারুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৫ ফাল্গুন ১৪২১/১৭ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৩৭.০০.০০০০.৭১.০৭.০০৪.১০(অংশ)-১৬৬**—পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট ২০০৬ এবং পিপিআর-২০০৮ এর তফসিল-২ এর বিধি অনুসারে ২০১৬ শিক্ষাবর্ষে বিনামূল্যে বিতরণযোগ্য মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভার্সন) এবং এসএসসি (ভোকেশনাল) স্তরের পাঠ্যপুস্তক মুদ্রণ, বাঁধাই ও পরিবহণ সংক্রান্ত নিম্নোক্ত দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) সদস্য (অর্থ), এনসিটিবি

**সদস্যবৃন্দ**

(২) জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, উপপ্রধান, শিক্ষা মন্ত্রণালয়

(৩) পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

(৪) প্রতিনিধি, বিসিআইসি

(৫) প্রতিনিধি, বিসিএসআইআর

(৬) উর্ধ্বতন ভান্ডার কর্মকর্তা, এনসিটিবি

**সদস্য-সচিব**

(৭) সদস্য (পাঠ্যপুস্তক), এনসিটিবি

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ এনামুল কাদের খান**
উপসচিব।

---

**শাখা-১৯**

**অফিস আদেশ**

তারিখ, ২০ মাঘ ১৪২১/০২ ফেব্রুয়ারি ২০১৫

**নং শিম/শাঃ১৯/১৪-০৩/২০১০/৪৭**—বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর ১০(১) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর কর্তৃক বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-এর বায়োটেকনোলজি বিভাগের অধ্যাপক ড. খোন্দকার মোঃ নাসিরউদ্দিন-কে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-এর ভাইস চ্যান্সেলর হিসেবে নিম্নে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো ঃ

(ক) ভাইস-চ্যান্সেলর হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার পূর্বেই তাঁকে ভাইস-চ্যান্সেলরের দায়িত্ব থেকে অব্যাহতি দিতে পারবেন;

(খ) ভাইস-চ্যান্সেলর হিসেবে তিনি অর্থবিধি মোতাবেক বর্তমান পদের বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি ভাইস-চ্যান্সেলর পদের সাথে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন;

(ঙ) এই নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

**মোঃ এরফানুল হক**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**উন্নয়ন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ মাঘ ১৪২১/২৫ জানুয়ারি ২০১৫

**নং ৩৮.০১০.০১৪.০৮.০০.০৫৫.২০১৪-৪২৮**—গত ২০ নভেম্বর ২০০৬ তারিখের প্রাগম/প্রশা-১/১৫(২)-বিবিধ/২০০৫ (অংশ)/৮৩৯ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটি'র পরিবর্তে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন উন্নয়ন প্রকল্প পিইডিপি-৩'র জনবল নিয়োগ কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

(৩) যুগ্ম-সচিব (উন্নয়ন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

(৪) উপ-প্রধান (পরিকল্পনা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৫) যুগ্ম-সচিব (উন্নয়ন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

* তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট কারিগরি পদে নিয়োগের বিষয়ে এ মন্ত্রণালয়ের প্রোগ্রামার এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সিনিয়র সিস্টেম এনালিস্ট নিয়োগ কমিটিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

২। **কমিটির কার্যপরিধি ঃ**

(ক) প্রচলিত নিয়োগবিধির শর্ত অনুসারে এ মন্ত্রণালয়ের আওতাধীন পিইডিপি-৩'র প্রথম ও দ্বিতীয় শ্রেণির পদে প্রার্থী নির্বাচন ও নিয়োগের জন্য সুপারিশ প্রণয়ন।

(খ) এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ.এইচ.এম. গোলাম কিবরিয়া**
সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-২)।

**~~শিল্প মন্ত্রণালয়~~**

**প্রশাসন (সংস্থাপন) অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২২ মাঘ ১৪২১/০৪ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৩৬.০০.০০০০.০৪৬.১৫.০০১.১৪.৬৯(৯)**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের ০৫.১৩৩.০০৬.০৩. ১৬১.০৪.২০১২-৪৮ নং আদেশের পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর মহাপরিচালকের পদকে নিম্নবর্ণিত শর্তে গ্রেড-২ এ উন্নীত করা হলো ঃ

(ক) সরকার উক্ত পদে উপযুক্ত কর্মকর্তা পদায়ন করবে।

(খ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর ১০নং অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত স্কেল প্রাপ্তির জন্য প্রযোজ্য চাকরির মেয়াদ পূর্ণ করতে হবে;

(গ) এতদ্‌সংক্রান্ত অন্যান্য বিধিগত সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং প্রজ্ঞাপন জারির তারিখ থেকে পদ উন্নীতকরণ কার্যকর হবে।

**নং ৩৬.০০.০০০০.০৪৬.১৫.০০১.১৪.৭০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের ০৫.১৩৩.০০৬.০৩. ১৬১.০৪.২০১২-৪৮ নং আদেশের পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) এর রেজিস্ট্রার এর পদকে নিম্নবর্ণিত শর্তে গ্রেড-২ এ উন্নীত করা হলো ঃ

(ক) সরকার উক্ত পদে উপযুক্ত কর্মকর্তা পদায়ন করবে।

(খ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ এর ১০নং অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত স্কেল প্রাপ্তির জন্য প্রযোজ্য চাকরির মেয়াদ পূর্ণ করতে হবে;

(গ) এতদ্‌সংক্রান্ত অন্যান্য বিধিগত সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং প্রজ্ঞাপন জারির তারিখ থেকে পদ উন্নীতকরণ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নূরুজ্জামান**
উপসচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**পরিকল্পনা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ জানুয়ারি ২০১৫

**নং ৩৫.০০.০০০০.০৫০.১৪.১২.১৪-১৩**—বুড়িগঙ্গা নদীসহ ঢাকা মহানগরীর চারপাশের নদীগুলো পুনরুদ্ধার, ঢাকার চারপাশে সার্কুলার নৌরুট এবং সড়ক নির্মাণ (ইস্টার্ন বাইপাসসহ) সমন্বয় ও মনিটরিং সংক্রান্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সভাসমূহের সিদ্ধান্তের প্রেক্ষপটে ঢাকা সার্কুলার রোড, ফেজ-২ প্রকল্প-এর সমন্বিত কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে করণীয় নির্ধারণসহ প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মতিক্রমে নিম্নরূপ কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

(৩) নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

(৪) চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ

(৫) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর

(৬) প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

(৭) প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

(৮) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর

(৯) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

(১০) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(১১) মহাপরিচালক, স্পেশাল ওয়ার্ক অর্গানাইজেশন-পশ্চিম, ঢাকা সেনানিবাস

(১২) চেয়ারম্যান, ঢাকা ওয়াসা

(১৩) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে

(১৪) যুগ্ম প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

(১৫) অতিঃ প্রধান প্রকৌশলী, সওজ, পিপিপি সেল

(১৬) জেলা প্রশাসক, ঢাকা

**সদস্য-সচিব**

(১৭) অতিঃ প্রধান প্রকৌশলী, ঢাকা সড়ক জোন, সড়ক ও জনপথ অধিদপ্তর

**কমিটির কর্মপরিধি নিম্নরূপঃ**

(ক) ফেজ-২ এর আওতাভুক্ত সড়কাংশের Topographical Survey-এর ভিত্তিতে Pre-feasibility Study পর্যালোচনা করে মতামত প্রদান করা;

(খ) ফেজ-২ প্রকল্পের কাজের সাথে সংশ্লিষ্ট অধিদপ্তর/ কর্তৃপক্ষ/সংস্থার সম্পৃক্ততা চিহ্নিত করা;

(গ) ফেজ-২ প্রকল্পের সাথে সম্পৃক্ত অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থাকে স্ব স্ব অংশের কাজের প্রাক্কলন/ডিজাইন প্রদানের জন্য দায়িত্ব প্রদান করা;

(ঘ) সমন্বিত ডিপিপি প্রণয়নের দায়িত্ব প্রদান করা;

(ঙ) প্রস্তাবিত কমিটি প্রয়োজনে সাব-কমিটি গঠন করতে পারবে;

(চ) এই কমিটি প্রয়োজনে সদস্য হিসেবে কোন কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে; এবং

(ছ) কমিটি আগামী তিন মাসের মধ্যে প্রাথমিক প্রতিবেদন প্রণয়ন করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলিফ রুদাবা**
সিনিয়র সহকারী প্রধান।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৪ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ০৯ পৌষ ১৪২১/২৩ ডিসেম্বর ২০১৪

**নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.২০৬.০৮.৩৯৭**—যেহেতু, জনাব মোঃ শহিদুল ইসলাম, সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে সরকারী তহবিলের ৭,৮৩,৫৯৭/-(সাতলক্ষ তিরাশি হাজার পাঁচশত সাতানব্বই) টাকা আত্মসাত এবং ৩১-০৮-২০০৬ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি-৩(বি), (সি) ও (ডি) অনুযায়ী অসদাচরণ, ডিজারশন ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (মামলা নং-১১/১০ তারিখঃ ০৬-০৪-২০১০) চালু করা হয়; এবং

২। যেহেতু, উপর্যুক্ত অভিযোগের প্রেক্ষিতে গত ১১-০৪-২০১০ তারিখের সকম/প্রঃ-৪/২০৬/০৮/৮৭ সংখ্যক স্মারকমূলে তাঁর নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

৩। যেহেতু, উপর্যুক্ত অভিযোগনামার প্রেক্ষিতে অভিযুক্ত জনাব মোঃ শহিদুল ইসলাম প্রেরীত অভিযোগনামা ও অভিযোগবিবরণীর উপর কোন জবাব দাখিল করেননি। পরবর্তিতে অভিযোগসমূহ তদন্ত করার জন্য গত ১৮-০৫-২০১০ তারিখের সকম/প্রঃ-৪/২০৬/০৮/১২২ সংখ্যক স্মারকমূলে জনাব মোঃ আব্দুল খালেক, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৪। যেহেতু, উক্ত 'তদন্ত কর্মকর্তা' অভিযোগসমূহ তদন্ত করে গত ২৮-০৬-২০১০ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্তের বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারি (শৃংঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি-৩(বি), (সি) ও (ডি) অনুযায়ী 'অসদাচরণ', 'ডিজারশন' ও 'দুর্নীতি' এর অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদনে উল্লেখ করেন; এবং

৫। যেহেতু, 'তদন্ত কর্মকর্তা'র উপর্যুক্ত তদন্ত প্রতিবেদন ও বিভাগীয় মামলার সহিত সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শহিদুল ইসলাম এর বিরুদ্ধে 'বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগে'র (Desertion) অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারী কর্মচারী (শৃংঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি-৪(৩)(ডি) অনুযায়ী 'চাকুরী হতে বরখাস্ত' (Dismissal from Service) করার গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহিত হয় এবং গত ২০-১০-২০১০ তারিখের সকম/প্রঃ-৪/১৫৪/২০০৭/২২৪৫ সংখ্যক স্মারকমূলে তাঁকে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

৬। যেহেতু, জনাব মোঃ শহিদুল ইসলাম গত ০৪-১১-২০১০ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং উক্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রস্তাবিত দণ্ড আরোপের ব্যাপারে ১৬-০১-২০১২ তারিখের সকম/প্রঃ-৪/২০৬/০৮/০২ সংখ্যক স্মারকমূলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে মতামত প্রদানের অনুরোধ জানান হলে কর্ম কমিশন ১২-১১-২০১৩ তারিখের ৮০.১০৫.০০৪.৪১.০৩.০০১.২০১২.১৯৩ সংখ্যক স্মারকমূলে জনাব মোঃ শহিদুল ইসলামকে 'চাকুরী হতে বরখাস্ত'র প্রস্তাবে সম্মতি জ্ঞাপন করে; এবং

৭। যেহেতু, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও এর সাথে সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা এবং সরকারী কর্ম কমিশনের সম্মতির প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শহিদুল ইসলামকে তাঁর কৃত অপরাধের ('বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগে'র (Desertion) জন্য 'চাকুরী হতে বরখাস্ত'র (গুরুদণ্ড) প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়;

৮। এক্ষণে, সেহেতু, জনাব মোঃ শহিদুল ইসলাম, সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ-কে সরকারী কর্মচারী (শৃংঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(সি) মোতাবেক 'বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগে'র (Desertion) অভিযোগে দোষী সাব্যস্ত করে উক্ত বিধিমালা'র বিধি ৪(৩)(ডি) মোতাবেক 'চাকুরী হতে বরখাস্ত' (Dismissal from Service) (গুরুদণ্ড) করা হলো।

৯। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

**নাছিমা বেগম এনডিসি**
সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**কারা-১ শাখা**

**আদেশ**

তারিখ, ০৯ মাঘ ১৪২১/২২ জানুয়ারি ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০২৩.০৩.০০১.২০১৫-২৫**—যেহেতু, জনাব মোঃ শরীফুল ইসলাম, জেলার, ঝালকাঠি জেলা কারাগার এর বিরুদ্ধে অভিযোগ এই যে, তার কর্তব্যকালীন ঝালকাঠি জেলা কারাগারের কয়েদী নং-৩০৮৫/এ মোঃ মনির হোসেন, পিতা মৃত জৈন উদ্দিন হাওলাদার গত ১৬-০১-২০১৫ খ্রিঃ তারিখ সকাল ৬.২০ ঘটিকার সময় কারাগার হতে পলায়ন করে। উল্লিখিত বন্দীর পলায়ন ঘটনা জেলার জনাব মোঃ শরীফুল ইসলাম এর কর্তব্যে চরম অবহেলা, অসদাচরণ ও অনিয়মের শামিল এবং কারা বিধি ১ম খণ্ডের ১৯১, ১৯২, ২৪২ ও ২৪৮ ধারা এবং সরকারী কর্মচারী (শৃংঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ)(ii) ও (iii) ও ৩(বি) এর পরিপন্থি; এবং

যেহেতু, উপরে বর্ণিত কর্তব্যে চরম অবহেলা, অসদাচরণ ও অনিয়মের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং সরকারী কর্মচারী (শৃংঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর ১১(১) মোতাবেক তাকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ শরীফুল ইসলাম, জেলার, ঝালকাঠি জেলা কারাগার-কে সরকারী কর্মচারী (শৃংঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৬ জানুয়ারি ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১১.১৩-৫০**—কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম থানার মামলা নং-১১, তারিখ ১০-০৩-২০১৪ খ্রিঃ, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (অ)/১২ ধারার মামলার আসামীগণ গত ০৯-০৩-২০১৪ খ্রিঃ তারিখ বিকাল অনুমান ০৪:৩০ ঘটিকার সময় চৌদ্দগ্রাম থানাধীন সারপটি সাকিনস্থ সারপটি কমিউনিটি ক্লিনিকের উত্তর পাশে পাকা রাস্তার উপর জামায়াত ইসলামীর সশস্ত্র নেতাকর্মীরা পিস্তল, দা, কিরিজ, হকিস্টিক, লোহার রড,ও দেশীয় অস্ত্র-শস্ত্র নিয়ে সাধারণ জনগণের মধ্যে আতংক সৃষ্টির লক্ষ্যে সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা, জননিরাপত্তা বিঘ্নিত করা ও সন্ত্রাসী কর্মকাণ্ড দ্বারা গুরুতর আহত এবং সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (অ)/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১১.১৩-৫১**—কুমিল্লা জেলার সদর দক্ষিণ মডেল থানার মামলা নং-০৫, তারিখ ০৬-০১-২০১৪ খ্রিঃ, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/১২ ধারার মামলার আসামীগণ গত ০৫-০১-২০১৪ খ্রিঃ তারিখ রাত্র ০১:৪৫ ঘটিকার সময় সদর দক্ষিণ মডেল থানাধীন লালবাগ গ্রামস্থ ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের উপর বিএনপি, জামায়াত ইসলামী ও তার অঙ্গ সংগঠন বাংলাদেশ ইসলামী ছাত্র-শিবির কর্তৃক দেশীয় অস্ত্র-শস্ত্র, লাঠি সোটা, হকিস্টিক দ্বারা চট্টগ্রামমুখী একটি কাভারড ভ্যান যার নম্বর ঢাকা মেট্রো-ম-১১-০৫৭৯ এবং ঢাকামুখী একটি নোয়া মাইক্রো এ্যাম্বুলেন্স যার নম্বর চট্ট মেট্রো-ছ-১১-৪৮৫৪ ভাংচুর করে অগ্নিসংযোগ করতঃ সন্ত্রাসী কার্যকলাপের মাধ্যমে সাধারণ নাগরিকদের মধ্যে আতংক সৃষ্টিসহ মহাসড়কে প্রতিবন্ধকতা সৃষ্টি করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১১.১৩-৫২**—কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম থানার মামলা নং-২০, তারিখ ১৯-১২-২০১৩ খ্রিঃ, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (ই)(ঈ)(উ)/১২ ধারার মামলার আসামীগণ গত ১৩-১২-২০১৩ খ্রিঃ তারিখ রাত্র ০১:৪৫ ঘটিকার সময় চৌদ্দগ্রাম থানাধীন ধোড়করা বাজারস্থ বঙ্গবন্ধু সমাজ কল্যাণ কার্যালয়ে এজাহারনামীয় মোট-৪৫ জন এবং অজ্ঞাতনামা আরও ২৫/৩০ জন আসামী দেশীয় অস্ত্র-শস্ত্র নিয়ে প্রবেশ করে কার্যালয়ের দেয়ালে টানানো জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং জাতীয় চার নেতার ছবি নামিয়ে ভাংচুর করে, পরিষদে থাকা ৫০টি চেয়ার, ০২টি বড় টেবিল, একটি ২১ ইঞ্চি রঙিন টেলিভিশন, টেলিভিশন বক্স ও ০১টি স্টীলের আলমারী ভাংচুর করে এবং মূল্যবান কাগজ পত্রাদি দাহ্য পদার্থ দিয়ে অগ্নি সংযোগ করতঃ সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (ই)(ঈ)(উ)/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১১.১৩-৫৩**—কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম থানার মামলা নং-১৫, তারিখ ১৩-১২-২০১৩ খ্রিঃ, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (ই)(উ)/১২ ধারার মামলার আসামীগণ গত ১৩-১২-২০১৩ খ্রিঃ তারিখ রাত্র ০৩:৪০ ঘটিকার সময় চৌদ্দগ্রাম থানাধীন ১০ নং বাতিসা ইউ.পি কার্যালয়ের সামনে এসে জামায়াত শিবিরের নেতাকর্মীরা কার্যালয়ে প্রবেশ করে দেশীয় অস্ত্র-শস্ত্র দিয়ে কার্যালয়ের দরজা-জানালা, কাচেঁর গ্লাস ভাংচুর করে এবং টেবিলের ড্রয়ারে থাকা ৬৫,০০০/-(পঁয়ষোট্টি হাজার) টাকা, দুইটি বৈদ্যুতিক চার্জ লাইট ও একটি ল্যাপটপ নিয়ে যায় এবং মূল্যবান কাগজপত্রে আগুন লাগিয়ে সন্ত্রাসী কার্যকলাপ সংঘটন করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (ই)(উ)/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ ঃ ২৬ জানুয়ারি ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৫৮**—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নম্বর-৮৩, তারিখঃ ১৮-৯-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)১০/১২ ধারার মামলার আসামীগণ গত ১৮-৯-২০১৩ খ্রিঃ তারিখ সকাল অনুমান ০৬.০৫ ঘটিকার সময় জামায়াতে ইসলামী বাংলাদেশ আহুত হরতাল চলাকালে আসামী এমদাদুল হক মামুন (৪৮), পিতা আঃ মতিন, সাং ধর্মপুর ব্যবস্থাপনা পরিচালক, ইনসাফ হাউজিং লিঃ গং পরস্পর যোগসাজসে দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও নিরাপত্তা বিপন্নসহ যুদ্ধাপরাধীদের বিচার বানচাল করার উদ্দেশ্যে রাষ্ট্রের গুরুত্বপূর্ণ স্থাপনা ধ্বংস ও রাষ্ট্রের সম্পত্তির ক্ষতি সাধনের লক্ষ্যে সরকারী কর্তব্য পালনরত পুলিশ সদস্যদেরকে আহত করে জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে স্বাভাবিক কর্মকান্ড হতে বিরত রাখার উদ্দেশ্যে ধ্বংসাত্মক বোমাবাজি, ককটেল ও ইটপাটকেল নিক্ষেপ এবং জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)১০/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৫৯**—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নম্বর-৮৫, তারিখঃ ২৬-১১-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/১২ ধারার মামলার আসামীগণ গত ২৬-১১-২০১৩ খ্রিঃ তারিখ বেলা ১৩.১৫ ঘটিকার সময় কোতোয়ালী থানাধীন শাসনগাছা রেলগেইট নামক স্থানে রাস্তায় রেলপথ ও সড়কপথ অবরোধ করে মারাত্মক অস্ত্রসস্ত্রে সজ্জিত হয়ে দাঙ্গা সৃষ্টি করতঃ জননিরাপত্তা বা সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির জন্য সরকার বা কোন সত্ত্বা বা কোন ব্যক্তিকে কোন কার্য করতে বা করা হতে বিরত রাখতে বাধ্য করবার জন্য ককটেল জাতীয় বোমার বিস্ফোরণ ঘটিয়ে জখম করে, ইটপাটকেল নিক্ষেপ করে সাধারণ জখম করতঃ সন্ত্রাসী কর্মকান্ড

পরিচালনা করে এবং সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৬০**—কুমিল্লা জেলার মুরাদনগর থানার মামলা নম্বর-১৪, তারিখঃ ১৪-১১-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬/১২ ধারার মামলার আসামীগণ গত ১৩-১১-২০১৩ খ্রিঃ তারিখ বিকাল ১৬.৪৫ ঘটিকায় মুরাদনগর টু হুমনা রোডে মুরাদনগর মাদ্রাসার উত্তর পার্শ্বে পাকা রাস্তার উপর বিএনপি, জামায়াত শিবির এবং অঙ্গ সংগঠনের সদস্যরা একত্রিত হয়ে বেআইনী জনতাবদ্ধে লাঠিসোটা, লোহার রড ও দেশীয় অস্ত্র নিয়ে এলোপাথারী হামলা চালিয়ে দোকানপাট ভাংচুর, জননিরাপত্তা বিপন্নসহ জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি ও পুলিশের কার্য সম্পদনে বাধা প্রদান, পুলিশ সদস্যদের গুরুতর আঘাত ও পুলিশের অস্ত্র লুট করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৬১**—কুমিল্লা জেলার বুড়িচং থানার মামলা নম্বর-০৮, তারিখঃ ০৬-১১-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/১২ ধারার মামলার আসামীগণ গত ০৬-১১-২০১৩ খ্রিঃ তারিখ সকাল অনুমান ৯.৩০ হতে ১১.৫৫ ঘটিকার মধ্যে বুড়িচং উত্তর বাজার বিএনপি অফিসের নিকট বুড়িচং বি-পাড়া সড়কের আরাগের মোড়ে বিএনপিসহ ১৮ দলীয় ঐক্যজোটের নেতাকর্মীরা রাষ্ট্রের সাধারণ নাগরিকদের নিরাপত্তা বিঘ্নিত করে, দাহ্য পদার্থ ও দেশীয় অস্ত্র সস্ত্র নিজ হেফাজতে রেখে জনসাধারণের জীবন বিপন্ন ও কর্তব্যরত পুলিশের উপর ইটপাটকেট নিক্ষেপ করে আঘাত করে ও ককটেল বিস্ফোরণ ঘটিয়ে ত্রাস সৃষ্টি করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ ঃ ২৭ জানুয়ারি ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৬২**—কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম থানার মামলা নম্বর-০৫, তারিখঃ ০৫-১১-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (অ)(ই)/১০/১১/১২ ধারার মামলার আসামীগণ গত ০৪-১১-২০১৩ খ্রিঃ তারিখ রাত অনুমান ২০.৫০ ঘটিকার সময় ৪০/৪৫ জন লোক অতর্কিতভাবে একটি চিংড়ি ভর্তি ট্রাকে ইট পাটকেল, হাত বোমা ও পেট্রোল বোমা নিক্ষেপ করলে গাড়ীর কেবিনে আগুন ধরে যায়। আশে-পাশের লোকজন ও পুলিশ ঘটনাস্থলে এসে আসামীদেরকে গ্রেফতারের চেষ্টা করলে তারা পালিয়ে যায়। আসামীরা পরস্পরের সাহায্য ও সহযোগীতায় বাংলাদেশের জননিরাপত্তা, সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য আতংক সৃষ্টির মাধ্যমে ইট পাটকেল ও বোমা নিক্ষেপ করে ট্রাক চালককে হত্যার চেষ্টা ও চলাচলরত যানবাহনের ক্ষতিসাধন এবং জনসাধারণকে স্বাভাবিক কাজকর্ম থেকে বিরত রাখার চেষ্ট করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (অ)(ই)/১০/১১/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

তারিখঃ ২৬ জানুয়ারি ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৬৩**—কুমিল্লা জেলার বুড়িচং থানার মামলা নম্বর-১৬, তারিখঃ ১১-১২-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/১২ ধারার মামলার আসামীগণ গত ১১-১২-২০১৩ খ্রিঃ তারিখ সকাল অনুমান ০৭.১৫ ঘটিকার সময় আসামী মোঃ মোস্তফা মেম্বার (৪৭), পিতা মৃত আঃ মজিদ, সাং সৈয়দপুর মধ্যমপাড়া, থানা কোতোয়ালী মডেল, জেলা কুমিল্লা গংসহ অজ্ঞাতনামা ৪০/৪৫ জন জামায়াত শিবিরের নেতাকর্মীরা বেআইনী জনতায় দলবদ্ধ হয়ে মারাত্মক অস্ত্রে সজ্জিত হয়ে দাঙ্গা সৃষ্টি করতঃ মহাসড়ক অবরোধ করে জনমনে আতংক সৃষ্টি, চলাচলরত যানবাহনের গতিরোধ, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির লক্ষ্যে সরকার বা কোন স্বত্তা, কোন ব্যক্তিকে কোন কার্য করতে বা করা হতে বিরত রাখতে বাধ্য করবার জন্য ইট-পাটকেল ককটেল ও পেট্রোল বোমা নিক্ষেপ করে এবং সরকারী কর্মচারীকে কর্তব্য কাজে বাধা প্রদান করতঃ সন্ত্রাসী কর্মকান্ড পরিচালনা ও সহায়তা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৬৪**—কুমিল্লা জেলার মনোহরগঞ্জ থানার মামলা নম্বর-০৬, তারিখঃ ১৪-০৫-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) ধারার মামলার গত ১৪-০৫-২০১৪ খ্রিঃ তারিখ অনুমান বিকাল ১৪.১০ ঘটিকার সময় আসামী মহিন উদ্দিন ভূইয়া (২৫), পিতা আঃ কাদের ভূইয়া, সাং ভাউপুর, থানা মনোহরগঞ্জ, জেলা কুমিল্লা গংসহ অজ্ঞাতনামা ৭০/৮০ জন বিএনপি জামাতের উশৃংখল নেতা-কর্মী হাতে আগ্নেয়াস্ত্র, দা লাঠি, হকিষ্টিক, রামদা, চাইনিজ কুড়াল, ছোরা, কিরিচ, সামুরাইসহ লক্ষণপুর বাজারে হামলা করে উক্ত বাজারের সংহতি নিরাপত্তা বিনষ্টসহ দোকানপাট লুট, ভাংচুর, অগ্নিসংযোগ, ইট-পাটকেল ও আগ্নেয়াস্ত্রের গুলি বর্ষণ করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

তারিখঃ ২৯ জানুয়ারি ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.২০১৪-৬৬**—নীলফামারী জেলার সৈয়দপুর থানার সাধারণ ডাইরী নং-৬৮৪ তারিখ ১৬-০১-২০১৫ খ্রিঃ এর বর্ণনা মোতাবেক গত ১৬-০১-২০১৫ খ্রিঃ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকার সময় আসামী মোঃ মোস্তাকিন (৩৫), ( পৌর আমির জামায়েত ইসলাম, সৈয়দপুর থানা), পিতা মোঃ আব্দুল কাদের, সাং কামার পুকুর ধরাগাছ, থানা সৈয়দপুর, জেলা নীলফামারীসহ ১৯ জনকে ফৌজদারী কার্যবিধি ৫৪ ধারায় গ্রেফতার করে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়। উক্ত আসামীগণ মোঃ মোস্তাকিন, পিতা মোঃ আব্দুল কাদের এর বাড়ীতে বিএনপি নেতৃতাধীন ২০ দল কর্তৃক অদ্ভুত অবরোধ কর্মসূচীর মাধ্যমে আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি করার লক্ষ্যে সম্মেলন করে। তারা নাশকতা, পুলিশের উপর চোরাগুপ্তা হামলা ও সরকারী সম্পত্তির ব্যাপক ক্ষতি সাধন, সরকারী গুরুত্বপূর্ণ স্থাপনা, থানা/ফাঁড়ী, উপজেলা ভবন, কেপিআই, বিদ্যুৎ অফিস, বিমান বন্দরসহ মহাসড়কে চলাচলরত যানবাহনের উপর চোরাগুপ্তা হামলা করে দেশকে অস্থিতিশীল করার লক্ষ্যে বিভিন্ন ধরনের নাশকতামূলক কর্মকান্ড করার ষড়যন্ত্র করে। ঘটনাস্থল হতে বিভিন্ন ধরণের জিহাদী বই, জামায়াত ইসলামী বাংলাদেশ এর সাংগঠনিক কর্মকান্ডের লিফলেট ইত্যাদি উদ্ধার করা হয়। আসামীগণ উক্ত কর্মকান্ড দ্বারা সরকারে বিরুদ্ধে পরিকল্পনা গ্রহণ ও অপরাধজনক ষড়যন্ত্র করেছেন যা "দন্ডবিধি, ১৮৬০" এর ১২০-খ ধারার অপরাধ।

২। বর্ণিতাবস্থায়, অভিযুক্তদের বিরুদ্ধে "দন্ডবিধি, ১৮৬০" এর ১২০-খ ধারা অনুযায়ী সরকারের বিরুদ্ধে পরিকল্পনা গ্রহণ ও অপরাধজনক ষড়যন্ত্রের অভিযোগে মামলা রুজুর লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, সৈয়দপুর থানা, জেলা নীলফামারীকে আইনগতভাবে আবশ্যকীয়, "ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮" এর ১৯৬ক ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্দ্বারা নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৪-৬৭**—কুমিল্লা জেলার মনোহরগঞ্জ থানার মামলা নম্বর-০৭, তারিখঃ ১২-১২-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) ধারার মামলার আসামীগণ গত ১২-১২-২০১৩ খ্রিঃ তারিখ সময় অনুমান ১৬.২৫ হতে ১৯.৩০ ঘটিকা পর্যন্ত মনোহরগঞ্জ থানাধীন বিপুলাসার বাজার স্টেশনের ১০০ গজ উত্তরে ১৮ দলীয় জোট তথা বিএনপি জামায়াত নেতাকর্মীরা রাস্তায় ব্যারিকেড দিয়ে যানবাহন চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি এবং রেল লাইনের ফিসপ্লেট খুলে নাশকতা সৃষ্টি করতঃ জনসাধারণের নিরাপত্তা বিপন্ন করা ও নাশকতা সৃষ্টির চেষ্টা এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে হত্যার চেষ্টাসহ সন্ত্রাসী কার্যকলাপ সংঘটন করে "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ৬(২) ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদ (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৩-৬৮**—দিনাজপুর জেলার চিরিরবন্দর থানার মামলা নম্বর-২৫, তারিখঃ ০৯-০১-২০১৪ খ্রিঃ "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ৬(২) এর (অ)(ই)/১২ ধারা মামলার আসামীগণ গত ০৫-০১-২০১৪খ্রিঃ তারিখ সময় রাত্রী অনুমান ০১.৩৫ ঘটিকায় দূর্গাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে ১০ম জাতীয় সংসদ নির্বাচনে বিঘ্ন সৃষ্টি, বাংলাদেশের মধ্যে নিরাপত্তাহীন অবস্থা সৃষ্টি করার জন্য বেআইনী জনতায় দলবদ্ধ হয়ে হাতে লাঠি সোটা, ইট পাটকেল, ধারালো ছোড়া, রাম দা, বেকী চাপাতী পশু কুড়াল, কাচের বোতল ও ককটেল, পেট্রোল বোমা ইত্যাদি মারাত্মক অস্ত্রে সস্ত্রে সজ্জিত হয়ে মারপিট করে সাধারণ ও গুরুত্বর জখম করতঃ বোমা বিস্ফোরণ ও জনমনে আতংক সৃষ্টি করে "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ৬(২) এর (অ)(ই)/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৩-৬৯**—দিনাজপুর জেলার বিরল থানার মামলা নম্বর-১১, তারিখঃ ১৫-০৫-২০১৪ খ্রিঃ "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ১০/১৩ ধারা মামলার আসামীগণ গত ১৫-০৫-২০১৪ খ্রিঃ তারিখ সময় ২০.০৫ ঘটিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রধান গেইট এর সামনে বিরল কালিয়াগঞ্জ হতে দিনাজপুর গামী রেজিঃ বিহীন লাল রং এর হিরো মটর সাইকেল যার চেসিস নং-MBLHA10EJ8GG04128, ইঞ্জিন নং-HA10EA8GG10658, তিন(০৩) জন যাত্রীর ঘাড়ে ০২(দুই)টি

ব্যাগসহ যাবার সময় বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির কর্তৃক প্রচারিত পোষ্টার-৩০০(তিনশত)টি যা প্রতিটি পোষ্টারে সাতক্ষীরার কান্না, আওয়ামীলীগ এর ভয়াল থাবায় প্রতিদিন ঝরছে প্রাণ, পুলিশের নির্বিচার গুলি বর্ষণে পাখির মতো মরছে মানুষ এবং হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই বিভিন্ন বাক্য ও ছবি সম্বলিত ম্যাগাজিন ও লিফলেট উদ্ধার করা হয়। আসামীরা সাধারণ মানুষের নিকট পোষ্টার বিলি ও বিভিন্ন স্থানে লাগিয়ে সাধারণ মানুষদের ষড়যন্ত্রমূলক সন্ত্রাসী কর্মকান্ডে প্ররোচিত করে "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ১০/১৩ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামিদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ ঃ ২০ মাঘ ১৪২১ বঃ/২ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিঃ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৪-৭৫**—হবিগঞ্জ জেলার লাখাই থানার মামলা নং-৬, তারিখঃ ২২-০৮-২০১০ খ্রিঃ মূলে বিবাদীগণ বাদীর ছেলেকে গ্রিসে নিয়ে যাবার পর হত্যা করা সংক্রান্ত বিষয়ে আসামিদের বিরুদ্ধে পেনাল কোডের ৩০২/৩৪ ধারার অভিযোগ সম্পর্কে তদন্ত করার লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ধারা ১৮৮ অনুযায়ী সরকারের পূর্বানুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদদ্বারা জ্ঞাপন করা হল।

তারিখঃ ২৭ মাঘ ১৪২১ বঃ/০৯ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিঃ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৪-৮০**—কক্সবাজার জেলার চকরিয়া থানার সাধারণ ডায়েরী নং-৬১, তারিখঃ ০২-০১-২০১৪ খ্রিঃ মূলে বাদীর অভিযোগের পরিপ্রেক্ষিতে বিবাদীর বিরুদ্ধে গত ১৬-১২-২০১৪ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় মুক্তিযুদ্ধের মহানায়ক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কটাক্ষের মাধ্যমে সরকারের প্রতি ঘৃণা ও অবজ্ঞা প্রদর্শন করার অভিযোগে পেনাল কোড, ১৮৬০ এর ১২৪-ক ধারায় রাষ্ট্রদ্রোহীতার মামলা রুজু করার লক্ষ্যে আইনগতভাবে অবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন এতদদ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.২০১৫-৮২**—পিরোজপুর জেলার সদর থানার মামলা নম্বর-১৭, তারিখঃ ৩১-০৭-২০১৪ খ্রিঃ মূলে বিবাদীগণ বাদীর দেবরকে অপহরণ করে মুক্তিপণ দাবীর বিষয়টি বাংলাদেশের বাহিরে দক্ষিণ আফ্রিকায় সংঘঠিত হওয়ায় জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর এর সুপারিশের আলোকে অভিযুক্তদের বিরুদ্ধে দন্ডবিধি, ১৮৬০ এর ৩৬৫/৩৮৫/৩৮৬ ধারার অভিযোগে মামলাটি তদন্ত করার লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৮৮ ধারার বিধান মোতাবেক সরকারের মঞ্জুরী (Sanction) এতদদ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ১৯ জানুয়ারি ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৪-২২**—বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত নং-১১, ঢাকা এর পিটিশন মামলা নং-০৫/ ২০১৪, তারিখ ০৯-১২-২০১৪ খ্রিঃ অনুযায়ী অভিযুক্ত ড. তুহিন মালিক, পিতা অজ্ঞাত, বাড়ি নং-১৫, রোড নং-১৫৮, গুলশান-১, থানা-গুলশান, জেলা ঢাকা ইন্টারনেট ভিত্তিক সামাজিক যোগাযোগ সাইট ফেসবুক, ইউটিউব ও অন্যান্য মাধ্যমে বক্তব্য প্রদান করেন যে, "তারা যেভাবে সংবিধানটাকে তাদের নির্বাচনী মেনিফেস্টো এবং দলীয় মেনিফেস্টোতে তৈরি করেছে এবং সেখানে যেভাবে "নাস্তিক্যবাদিতা" এবং "ধর্মহীনতার" বিষয় সেখানে জুড়ে দেওয়া হয়েছে এবং সেখানে যেখানে বলা হয়েছে যে, এর তিন ভাগের এক ভাগ অংশ প্রায় ৫২ টার মত অনুচ্ছেদ, স্পেশাল অনুচ্ছেদ, সবচেয়ে ইমপর্নেটন অনুচ্ছেদ, কেয়ামত পর্যন্ত, বাংলাদেশ যতদিন থাকবে কেউ সংশোধন করতে পারবে না। আইন করা হয়েছে, ৭ক অনুচ্ছেদ করে বলে দেওয়া হয়েছে, যদি কেউ এমনটা করে কিংবা করার চেষ্টা করে বা সহায়তা করে, প্রত্যেকের মৃত্যুদন্ড তুল্য রাষ্ট্রদ্রোহিতার অপরাধ হবে, মানে ফাঁসি হবে। তাহলে কি হবে? তাহলে কি হবে? মুজিবের কাহিনী, তার পরিবারের গানা-বাজানা, এগুলোকে বাতিল যে করতে চাইবে তাদেরও ফাঁসি হবে। তাহলে সংবিধান পরিবর্তন, যতদিন পৃথিবী আছে হবে না। আলহামদুলিল্লাহ আল্লাহ যা চান, মানুষ সেটা হয়তো বোঝেনা। একমাত্র বিকল্প রয়ে গেছে সংবিধান বাতিল। কিসের জাতির পিতা, কিসের আদর্শ, কিসের চেতনা কিছুই থাকবে না ইনশাআল্লাহ।" অভিযুক্ত ড. তুহিন মালিক উল্লিখিত ধর্মীয় উস্কানিমূলক বক্তব্য দ্বারা ধর্মীয় অনুভূতিতে আঘাত প্রদান করায় তিনি ১৮৬০ সনের দন্ডবিধির ২৯৫-ক ধারার অভিযোগে অভিযুক্ত।

২। বর্ণিতাবস্থায়, অভিযুক্ত এর বিরুদ্ধে ১৮৬০ সনের দন্ডবিধির ২৯৫-ক ধারা অনুযায়ী ধর্ম ও ধর্মীয় বিশ্বাসকে অবমাননার অভিযোগে মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ধারা ১৯৬ এর অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদদ্বারা নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৪-২৩**—বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত নং-১১, ঢাকা এর পিটিশন মামলা নং-০৪/ ২০১৪, তারিখ ০৯-১২-২০১৪খ্রিঃ অনুযায়ী অভিযুক্ত ড. তুহিন মালিক, পিতা অজ্ঞাত, বাড়ি নং-১৫, রোড নং-১৫৮, গুলশান-১, থানা-গুলশান, জেলা ঢাকা ইন্টারনেট ভিত্তিক সামাজিক যোগাযোগ সাইট ফেসবুক, ইউটিউব ও অন্যান্য মাধ্যমে বক্তব্য প্রদান করেন যে, "তারা যেভাবে সংবিধানটাকে তাদের নির্বাচনী মেনিফেস্টো এবং দলীয় মেনিফেস্টোতে তৈরি করেছে এবং সেখানে যেভাবে "নাস্তিক্যবাদিতা" এবং "ধর্মহীনতার" বিষয় সেখানে জুড়ে দেওয়া হয়েছে এবং সেখানে যেখানে বলা হয়েছে যে, এর তিন ভাগের এক ভাগ অংশ প্রায় ৫২ টার মত অনুচ্ছেদ, স্পেশাল অনুচ্ছেদ, সবচেয়ে ইমপর্নেটন অনুচ্ছেদ, কেয়ামত পর্যন্ত, বাংলাদেশ যতদিন থাকবে কেউ সংশোধন করতে পারবে না। আইন করা হয়েছে, ৭ক অনুচ্ছেদ করে বলে দেওয়া হয়েছে, যদি কেউ এমনটা করে কিংবা করার চেষ্টা করে বা সহায়তা করে, প্রত্যেকের মৃত্যুদন্ড তুল্য রাষ্ট্রদ্রোহিতার অপরাধ হবে, মানে ফাঁসি হবে। তাহলে কি হবে? তাহলে কি হবে? মুজিবের কাহিনী, তার পরিবারের গানা-বাজানা, এগুলোকে বাতিল যে করতে চাইবে তাদেরও ফাঁসি হয়ে যাবে। তাহলে সংবিধান পরিবর্তন, যতদিন পৃথিবী আছে হবে না। আলহামদুলিল্লাহ আল্লাহ

যা চান, মানুষ সেটা হয়তো বোঝেনা। একমাত্র বিকল্প রয়ে গেছে সংবিধান বাতিল। কিসের জাতির পিতা, কিসের আদর্শ, কিসের চেতনা কিছুই থাকবে না ইনশাআল্লাহ।" অভিযুক্ত ড. তুহিন মালিক সামাজিক যোগাযোগ সাইট যেমন—ফেসবুক, ইউটিউব ও অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে উল্লিখিত রাষ্ট্রদ্রোহিতারমূলক বক্তব্য প্রদান করে দন্ডবিধি, ১৮৬০ এর ১২৪-ক ধারার অভিযোগে অভিযুক্ত।

২। বর্ণিতাবস্থায়, অভিযুক্ত এর বিরুদ্ধে দন্ডবিধি, ১৮৬০ এর ধারা ১২৪-ক অনুযায়ী রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ধারা ১৯৬ এর অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্‌দ্বারা নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এফ এম তৌহিদুল আলম**
সহকারী সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃঙ্খলা-১ শাখা
## আদেশাবলী

তারিখঃ ১৫ জানুয়ারি ২০১৫/২ মাঘ ১৪২১

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৭.২০১২-৪০**—যেহেতু, ডাঃ শামীম হাসান (১১১০০৯), সহকারী অধ্যাপক (চঃদাঃ), বার্ণ ও প্লাস্টিক সার্জারী ইউনিট, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা গত ২৮-০৩-২০১২ খ্রিঃ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২২-১০-২০১২ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৭.২০১২-৯৮৬ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে ২৭-০৮-২০১৩ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৭.২০১২-৭৪৪ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ০৮-১২-২০১৪ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০২৫.২০১৪-৪১০ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৫-০১-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ শামীম হাসান (১১১০০৯), সহকারী অধ্যাপক (চঃদাঃ), বার্ণ ও প্লাস্টিক সার্জারী ইউনিট, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকাকে তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৮-০৩-২০১২ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখঃ ৫ ফেব্রুয়ারি ২০১৫/২৩ মাঘ ১৪২১

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩-৯২**—যেহেতু, ডাঃ কামরুল হুদা মোহাম্মদ সোহেল (৪২৮২৪), ইমার্জেন্সী মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জ গত ০১-০৪-২০১২ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৮-০২-২০১৩ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩-২৩৩ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে ৩১-১২-২০১৩ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৩-১০৪৬ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১৭-১১-২০১৪ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০৩০.২০১৪-৩৮৪ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ০১-০২-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ কামরুল হুদা মোহাম্মদ সোহেল (৪২৮২৪), ইমার্জেন্সী মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিংগাইর, মানিকগঞ্জকে তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১-০৪-২০১২ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ ঃ ৯ ফেব্রুয়ারি ২০১৫/২৭ মাঘ ১৪২১

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৪.২০১৩-৯৬**—যেহেতু, ডাঃ মোঃ ইমাম আল নাজিমুল হক (১০৯৯৯৪), সহকারী রেজিস্ট্রার, জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জ গত ২০-০১-২০১৩ খ্রিঃ তারিখে সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার নবযুগ হেলথ ডাইমেশন ক্লিনিকে জনৈক রোগীর অপারেশন করেন এবং অপারেশনের পরপরই রোগী মারা যাওয়ায় তদন্তের প্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৭-০৮-২০১৩খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৪.২০১৩-৭৫৭ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তার জবাব সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে কেন সরকারি 'চাকুরি হতে বাধ্যতামূলক অবসর' (Compulsory Retirement) প্রদান করা হবে না মর্মে ৩০-০১.২০১৪ খ্রিঃ তারিখের ৪৫.১৫০. ০২৭.০১.০০.১০৪.২০১৩-৯৭ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তার জবাব সন্তোষজনক না হওয়ায় তাকে সরকারি 'চাকুরি হতে বাধ্যতামূলক অবসর' প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে 'চাকুরি হতে বাধ্যতামূলক অবসর' প্রদান করার বিষয়ে ৩০-১০-২০১৪ তারিখের ৮০.১০৭.০৩৪. ০০.০০.০৩১.২০১৩-৩৬৬ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি 'চাকুরি হতে বাধ্যতামূলক অবসর' প্রদান করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ০৩-০২-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ ইমাম আল-নাজিমুল-হক (১০৯৯৯৪), সহকারী রেজিস্ট্রার, জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জকে সরকারি 'চাকুরি হতে বাধ্যতামূলক অবসর' (Compulsory Retirement) প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

**জনস্বাস্থ্য-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ৩ ফেব্রুয়ারি ২০১৫

**নং স্বাপকম/জনস্বাস্থ্য-১/হোমিও-৫/৯৭(অংশ)-৩৫**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড, ঢাকার চেয়ারম্যান পদে ডাঃ দিলীপ কুমার রায়কে 'দি বাংলাদেশ হোমিওপ্যাথিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স ১৯৮৩'-এর ৪(১)(এ) উপধারা মোতাবেক আগামী ২৩-০২-২০১৫ খ্রিঃ তারিখ থেকে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য পুনরায় নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মাঈনউদ্দিন চৌধুরী**
উপসচিব।

---

**[ একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে ]**

**অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক সেল**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৫ জানুয়ারি ২০১৫

**নং স্বাপকম/উপসচিব (অটিজম সেল)/বিবিধ-০১/২০১২ (অংশ-৩)/৪২**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত অটিজম ও স্নায়ুবিকাশ-জনিত সমস্যা বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটির ৮ম সভার সিদ্ধান্ত মোতাবেক অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা সম্পর্কে দেশের জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নির্বাচিত ন্যাশনাল সেলিব্রেটিদের সাথে আলাপ আলোচনা করে Programme Calendar একটি Outline প্রণয়নের নিমিত্ত নিম্নবর্ণিত মন্ত্রণালয়/সংস্থার সমন্বয়ে একটি উপ-কমিটি গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিচে নয়)

(৩) তথ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিচে নয়)

(৪) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিচে নয়)

(৫) নিউরোডেভলপমেন্টাল প্রতিবন্ধী ডিজএ্যাবিলিটি ট্রাস্টি বোর্ড

(৬) জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর একজন প্রতিনিধি

(৭) প্যারেন্টস ফোরাম ফর ডিফারেন্টালি এ্যাবেল এর একজন প্রতিনিধি

(৮) ডা: মাজহারুল মান্নান, রুযাপোটিয়ার, জাতীয় স্টিয়ারিং কমিটি

(৯) জনাব মনোজ কুমার রায়, উপসচিব, স্বাপকম

(১০) জনাব সুবীর নন্দী, গায়ক, জাতীয় ব্যক্তিত্ব

(১১) জয়া আহসান, অভিনেত্রী, জাতীয় ব্যক্তিত্ব

**উপ-কমিটির কার্যপরিধিঃ**

(১) উপ-কমিটি অটিজম বিষয়ে Programme Calendar একটি Outline প্রণয়নপূর্বক জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট একটি রূপরেখা উপস্থাপন করবে;

(২) পরবর্তীতে এই উদ্দেশ্যে নির্বাচিত সেলিব্রেটি এই উপ-কমিটির সদস্য হবেন;

(৩) উপ-কমিটি ৩০ জানুয়ারি, ২০১৫ মধ্যে Outline of Programme Calendar প্রস্তুত চূড়ান্ত করবে।

**মনোজ কুমার রায়**
উপসচিব
ও
পরিচালক (অটিজম সেল)।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৬ জানুয়ারি ২০১৫

**নং ৪৬.০৬৩.০৩১.০৪.০০.০১০.২০১৩-১৩০**—যেহেতু, আলহাজ্ব শেখ এমদাদুল হক আল-মামুন, নাটোর জেলাধীন নাটোর পৌরসভার মেয়র;

যেহেতু, আপনি আলহাজ্ব শেখ এমদাদুল হক আল-মামুন, নাটোর জেলাধীন নাটোর পৌরসভার এর দায়িত্ব পালনকালে সুনির্দিষ্ট সরকারি নিয়মনীতি উপক্ষোপূর্বক ক্ষমতার অপব্যবহার করতঃ জনস্বার্থের পরিপন্থী কাজ করে নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, সচিব, উপ-সহকারী প্রকৌশলী, কার্য সহকারী, হিসাব-রক্ষক ও সংশ্লিষ্ট ঠিকাদারের যোগসাজসে ২০-১০-২০১১ অর্থ বছরে রাস্তা সংস্কার বাবদ বিভিন্ন তারিখে কোটেশন দিয়ে অনিয়মিতভাবে ২০,৬৫,৩৪৩.০০ (বিশ লক্ষ পঁয়ষট্টি হাজার তিনশত তেতাল্লিশ) টাকা ব্যয় করেছেন;

যেহেতু, হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা অনুযায়ী ইজারা আয়ের ৫% অর্থ আদায়ের ০৭(সাত) দিনের মধ্যে সরকারের অনুকূলে ৭-ভূমি রাজস্ব খাতে কোন অর্থ জমা দেয়া হয়নি, ৪৫% হাট বাজার রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য ব্যয় করা হয়নি, ৪% অর্থ মুক্তিযোদ্ধা তহবিলে জমা দেয় হয়নি, ইজারাদারের সাথে কর ও ভ্যাট পরিশোধ করে চুক্তি সম্পাদন করা হয়নি, আয়কর ও ভ্যাট প্রদানে ব্যর্থতার জন্য ইজারাদারকে কোন নোটিশ দেয়া হয়নি এবং আইনগত ব্যবস্থা হিসেবে সার্টিফিকেট মামলাও করা হয়নি;

যেহেতু, আপনি ১৪-১২-১৪১৮ বাংলা সন পর্যন্ত তেবাড়িয়া হাট, নিচাবাজার, স্টেশন বাজার, বাস টার্মিনাল বাজার এর ভ্যাট বাবদ (২৬,৫৫,৯৭৫.০০+৪,৬৬,৯৫০.০০+৫,৯৮,৯৬৫.০০+১,১২,২৯০.০০) =৩৮,৩৪,১৮০.০০ (আটত্রিশ লক্ষ চৌত্রিশ হাজার একশত আশি) টাকা, আয়কর বাবদ (৪,৫৪,৫১৪.০০+৭৯,৩৮১.০০+ ১,০১,৮২৪.০০+ ১৬,০৮৯.০০)=৬,৪৮,৮০৮.০০ (ছয় লক্ষ আটচল্লিশ হাজার আটশত আট) টাকা এবং ভূমি রাজস্ব বাবদ (৭,২৯,৯৪৮.০০+ ১,৩১,১৩৭.০০+ ১,৯১,৫৬৯.০০+ ৩০,৮৫৯.০০) =১০,৮৩,৫১৩.০০ (দশ লক্ষ তিরাশি হাজার পাঁচশত তের) টাকা পরিশোধ করেনি এবং সরকারি কোষাগারে জমা প্রদান করেননি;

যেহেতু, আপনি স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০৬৩. ০৩১.০৮.০০.০০৯.২০১১-৭৪৮, তারিখঃ ২৬-০৬-২০১১ খ্রিঃ অনুসারে পৌরসভার অনুমোদিত সাংগঠনিক কাঠামোর অতিরিক্ত জনবল ছাটাইকরণের এবং ছাটাইপূর্বক স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলেও তা প্রতিপালিত না করে নাটোর পৌরসভার ৬২টি জন বিভিন্ন পদে মাস্টার রোল বা দৈনিক হাজিরারভিত্তিতে নিয়োগ প্রদান করেছেন। অনিয়মিতভাবে মাস্টাররোল/চুক্তিভিত্তিক নিয়োগ করে পৌর তহবিল হতে ১০,৪৪,৫৫০.০০ (দশ লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা ভাতা প্রদান করেছেন। এছাড়া সাবেক হিসাবরক্ষক জনাব মোঃ শহিদুল ইসলামকে বিধি-বহির্ভূতভাবে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করেছেন;

যেহেতু, আপনি UGIIP-II প্রকল্প থেকে পূর্বে গ্রহণকৃত ও বাস্তবায়িত প্রকল্পের কাজ পুনরায় প্রকৌশল শাখার কর্মকর্তা/ কর্মচারীসহ সংশ্লিষ্ট ঠিকাদারের যোগসাজসে সম্পূর্ণ ভূয়া কাগজপত্র সৃষ্টি করে ও মিথ্যা তথ্য দিয়ে একই প্রকল্প পুনরায় বাস্তবায়ন দেখিয়ে এডিপির থোক বরাদ্দের আওতায় ২০১২-২০১৩ এবং ২০১১-২০১২ অর্থ বৎসরে গৃহীত প্রকল্প বাবদ (৭০,১৯,১৩৭.০০+ ৫৬,৬৯,৭৮৯.২৪+১৮,৬৯,৮৪৮.০০) টাকা অর্থাৎ মোট ১,৪৫,৫৮,৭৭৪.২৪ (এক কোটি পাঁচ চল্লিশ লক্ষ আটান্ন হাজার সাতশত চুয়াত্তর টাকা চব্বিশ পয়সা) টাকা সরাসরি আত্মসাৎ করেছেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত বর্ণিত অভিযোগগুলো যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, আপনার দ্বারা পৌরসভার মেয়র এর ক্ষমতা প্রয়োগ পৌরসভার জন্য স্বার্থহানিকর এবং প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে।

যেহেতু, সরকার আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারার বিধান অনুযায়ী নাটোর পৌরসভার মেয়র আলহাজ্ব শেখ এমদাদুল হক আল-মামুন-কে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
উপসচিব ( পৌর-১)।

**শিল্প মন্ত্রণালয়**

**নীতি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৫ মে ২০১৫

**নং ৩৬.০০.০০০০.০৬০.০৫.০০২.১১-৯২**—বিগত ১৩ এপ্রিল ২০১৫ তারিখের মন্ত্রিসভা বৈঠকে হস্ত ও কারুশিল্প নীতিমালা, ২০১৫ অনুমোদিত হয়েছে। অনুমোদিত নীতিমালাটি এ সাথে সংযুক্ত করা হলো।

**মোঃ সলিম উল্লাহ**
সিনিয়র সহকারী সচিব।

**অধ্যায়-১**

**১.০　ভূমিকা**

দেশের বিপুল সংখ্যক কর্মক্ষম জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন সরকারের ভিশন ২০২১ এর অন্যতম প্রধান লক্ষ্য। জনগণের একটি বড় অংশ কৃষির উপর নির্ভরশীল হলেও কৃষি জমির স্বল্পতার কারণে এ খাতে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সীমিত। কিন্তু, গ্রামীণ জনগোষ্ঠী স্থানীয় কাঁচামাল ব্যবহার করে এবং স্বল্প পুঁজি নিয়োগ করে সহজেই হস্ত ও কারুশিল্প স্থাপন করে বা পণ্য উৎপাদন করে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে পারে। এর ফলে টেকসই আয়ের সুযোগ সৃষ্টি এবং জীবনযাত্রার মানের উন্নয়ন হতে পারে। অধিকন্তু, এ শিল্পের কলা-কৌশলের সাথে গ্রামীণ জনগণের ঐতিহ্যগত সম্পর্ক আছে, তাই সহজেই তারা হস্ত ও কারু পণ্য উৎপাদন প্রক্রিয়ার সাথে সংযুক্ত হতে পারে।

অপরদিকে বিশ্ব বাজারে আধুনিক মেশিনজাত পণ্যের পাশাপাশি লোকজ পণ্য হস্ত ও কারুপণ্যের চাহিদা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। পৃথিবীর অনেক দেশ বিশ্ব বাজারে এসব পণ্য রপ্তানি করছে। বাংলাদেশের হস্ত ও কারু পণ্যের ইতিহাস যেমন অনেক প্রাচীন, তেমনি এসব পণ্যের গুণগত মানও উন্নত। তাই, বিশ্ব বাজারে বাংলাদেশের পণ্যের প্রসারের অনেক সুযোগ আছে। অভিবাসন প্রক্রিয়ার কারণে বর্তমানে পৃথিবীর অনেক দেশে বাংলাদেশের অনেক মানুষ বসবাস করছে, তারাও দেশিয় পণ্য কিনতে আগ্রহী। যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে দক্ষ উদ্যোক্তা শ্রেণি সৃষ্টি করে এ খাতের প্রাতিষ্ঠানিক বিকাশ সম্ভব।

জাতীয় শিল্পনীতিতে ক্ষুদ্র, মাঝারি, কুটির শিল্প উন্নয়নে পৃথক নীতি-কৌশল বিস্তারিতভাবে উল্লেখ আছে। কিন্তু, হস্ত ও কারুশিল্পকে শিল্পনীতিতে বিবৃত সংজ্ঞার আলোকে শ্রেণিভুক্ত করা যায় না বিধায় এ শিল্পের সুষ্ঠু ও টেকসই বিকাশের জন্য যথাযথ নীতি-কৌশল সম্বলিত একটি পৃথক নীতিমালা থাকা প্রয়োজন।

এমতাবস্থায়, হস্ত ও কারুশিল্পের যথাযথ বিকাশ ও উন্নয়ন এবং মান নিশ্চিত করে এ খাতকে অধিকতর সুসংগঠিত করার মাধ্যমে জাতীয় অর্থনীতিতে এ খাতের অবদান বৃদ্ধির উদ্দেশ্যে হস্ত ও কারুশিল্পের জন্য একটি পৃথক নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**অধ্যায়-২**

**২.০　হস্ত ও কারু শিল্পের সংজ্ঞা**

শিল্পীর শৈল্পিক মনন ও শ্রম ব্যবহার করে বা বংশপরম্পরায় লব্ধ জ্ঞান, মেধা, দক্ষতা ও কলা-কৌশলের মাধ্যমে অথবা আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক প্রশিক্ষণের মাধ্যমে প্রাপ্ত কৌশল ও জ্ঞান এবং আধুনিক প্রযুক্তি নির্ভর করে কোন সৃজনশীল ব্যক্তি কর্তৃক উৎপাদিত নান্দনিক ও ব্যবহারিক পণ্য উৎপাদন। হস্ত ও কারুশিল্পের একটি বড় বৈশিষ্ট্য হলো এসব পণ্য জাতীয় সংস্কৃতি ও ঐতিহ্যের পরিচয় বহন করে। (বাংলাদেশের গুরুত্বপূর্ণ হস্ত ও কারুশিল্প পণ্যের তালিকা পরিশিষ্ট-১ এ উল্লেখ করা হলো। তবে প্রয়োজনে এ তালিকা পরিবর্তন এবং পরিবর্ধন করা যাবে।)

**অধ্যায়-৩**

**৩.০　নীতিমালার উদ্দেশ্য**

৩.১　হস্ত ও কারুশিল্পের উন্নয়ন ও বিকাশে নীতি নির্দেশনা প্রদান এবং এ লক্ষ্যে বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিতকরণ ও সমস্যা সমাধানে সহায়ক পদক্ষেপ গ্রহণ।

৩.২　বাংলাদেশের সমৃদ্ধ সংস্কৃতি ও ঐতিহ্যমণ্ডিত হস্ত ও কারুশিল্পের পুনরুদ্দীপ্তকরণ এবং দেশজ ও ঐতিহ্যগত মেধা বা জ্ঞান সংরক্ষণে ভৌগলিক নির্দেশক (Geographical Indication) আইন অনুযায়ী যথাযথভাবে এ শিল্প পণ্যের নিবন্ধনকরণ।

৩.৩　নারী ও অর্থনৈতিকভাবে অনগ্রসর অন্যান্য জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে জীবনযাত্রার মান এবং মানব সম্পদ উন্নয়নে অবদান রাখা ও এ শিল্পের বিকাশের মাধ্যমে বিশেষতঃ গ্রামাঞ্চলে কর্মসংস্থান সৃষ্টি করে শহরমুখী জনস্রোত রোধকরণ।

৩.৪　উৎপাদন বৃদ্ধি ও উৎপাদিত পণ্যের বাজারজাতকরণের মাধ্যমে স্থানীয় বাজার সম্প্রসারণ এবং পশ্চাৎ সংযোগ (backward linkage) শিল্প স্থাপন।

৩.৫　রপ্তানি আয় বাড়ানোর লক্ষ্যে রপ্তানি বাজারে এ খাতের দ্রুত অংশগ্রহণ বৃদ্ধি, প্রতিযোগিতায় সক্ষমতা আনয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং সহায়ক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে চাহিদানুযায়ী নিত্যনতুন ও মানসম্মত পণ্যের উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়তা প্রদান।

৩.৬　জাতীয় আয়ে হস্ত ও কারুশিল্পের অবদান বৃদ্ধি এবং তা নির্ণয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ।

৩.৭　পর্যটন শিল্পের বিকাশে সহায়ক ভূমিকা পালনের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান।

## অধ্যায়-৪

### ৪.০ নীতিমালা বাস্তবায়ন কৌশল ও মৌলিক কর্মসূচি

এ নীতিমালার লক্ষ্য অর্জনে তিনটি সুনির্দিষ্ট কৌশল গ্রহণ করা হবে এবং কৌশলসমূহের আলোকে কতিপয় মৌলিক কর্মসূচি গ্রহণ করা হবে।

**কৌশল**

(১) **অংশীদারিত্বঃ** এ শিল্পের বিকাশে বিভিন্ন অংশীজনের মধ্যে কার্যকর সমন্বয় ও অংশীদারিত্ব অত্যন্ত জরুরি। তাই, সরকারের পাশাপাশি অন্যান্য অংশীজন বিশেষতঃ ব্যক্তিখাত এবং এ শিল্পের সাথে জড়িত পেশাজীবী ও প্রতিষ্ঠানের অংশগ্রহণ ও ভূমিকাকে উৎসাহিত করা হবে। বর্তমানে সরকারের অর্থনৈতিক নীতিমালায় ব্যক্তিখাতকে বিশেষ গুরুত্ব দেয়া হয়, তাই এ নীতিমালার উদ্দেশ্য অর্জনেও ব্যক্তিখাত মূল ভূমিকা পালন করবে।

(২) **সক্ষমতা বৃদ্ধিঃ** বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকতে হলে এ শিল্পের গুণগত বিকাশের বিকল্প নেই। এ শিল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হবে। সক্ষমতা বৃদ্ধি ও তা টেকসই করতে সরকারি ও ব্যক্তি খাতের মধ্যে প্রয়োজনীয় সমন্বয় করা হবে। তবে সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে সরকারের নীতি সমর্থন ও প্রাতিষ্ঠানিক সহায়তার পাশাপাশি ব্যক্তিখাতের অধিকতর সক্রিয় ও নেতৃত্বমূলক ভূমিকার উপর বিশেষ গুরুত্ব দেয়া হবে।

(৩) **বাজার সম্প্রসারণঃ** যে কোন শিল্পের বিকাশ ও স্থায়ীত্ব সংশ্লিষ্ট শিল্পের পণ্যের বাজারের পরিধি ও বিপণন সামর্থ্যের উপর নির্ভর করে। অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে এ শিল্পের পণ্য যাতে সহজে এবং টেকসইভাবে বিপণন করা যায় সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। বিশেষতঃ গ্রামীণ উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য সহজে বিপণন করার সুযোগ তৈরির প্রতি বিশেষ নজর দিতে হবে। যদিও পণ্য রপ্তানিতে ব্যক্তিখাতের মুখ্য ভূমিকা থাকবে, তবে বাজার সম্প্রসারণে সরকারের সহায়ক ভূমিকা গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

**কর্মসূচি**

৪.১ এ শিল্প সম্পর্কে একটি সামগ্রিক ধারণা তৈরির লক্ষ্যে সমগ্র দেশের কারুপণ্যের মানচিত্র (Crafts Mapping) প্রণয়ন করা হবে এবং এ শিল্পের উন্নয়নের লক্ষ্যে হস্ত ও কারু পণ্য ও কারুশিল্পীর একটি জাতীয় তথ্য ভাণ্ডার প্রণয়ন করা হবে, যা বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) কর্তৃক নিয়মিত রক্ষণাবেক্ষণ করা হবে।

৪.২ পণ্যমান নিয়ন্ত্রণ ও উন্নয়নের সুবিধার্থে বিভিন্ন এলাকায় পণ্যভিত্তিক কারুপল্লী গড়ে উঠতে সহায়তা করা হবে। দেশের বিদ্যমান এবং একইসাথে লুপ্ত প্রায় কারুপণ্যসমূহ ও কারুপল্লীগুলো চিহ্নিত করে স্বীকৃতি প্রদানে এবং এসব পণ্য ও পল্লীর উন্নয়ন ও পুনরুজ্জীবনে বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হবে। বিলুপ্ত অথবা প্রায় লুপ্ত এবং বর্তমানের উপকরণ নির্ভর যৌগ ও মৌলিক সকল কারুপণ্যের নমুনা ও তথ্য, প্রয়োজনে বর্ণনামুখি নকশা ইত্যাদি সকল প্রকার তথ্যাদির ডিজিটাইজড্ আর্কাইভ তৈরি করা হবে যা পরবর্তী সময়ে গবেষণা ও কারুশিল্প বিষয়ক নতুন উদ্ভাবনার জন্য সহায়ক হিসেবে কাজ করবে।

৪.৩ কৃষির পাশাপাশি অথবা অকৃষি মৌসুমে হস্ত ও কারুপণ্য উৎপাদনে অধিক হারে গ্রামীণ জনগোষ্ঠীকে নিয়োজিত করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪.৪ হস্ত ও কারু পণ্যের গুণগতমান উন্নয়নে এবং কারুশিল্পীদের দক্ষতা বৃদ্ধিতে প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করা হবে। এ শিল্পের উন্নয়নের লক্ষ্যে উন্নতমানের ও যুগোপযোগী নকশা-নমুনা সরবরাহ, কারিগরি ও প্রযুক্তিগত পরামর্শ প্রদান করা হবে। তবে এ শিল্পের সাথে জড়িত প্রান্তিক জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধিতে এবং তাদের উৎপাদিত পণ্যের বিপণনে বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হবে।

৪.৫ হস্ত ও কারুশিল্পের ব্যবসা প্রসারের জন্য অগ্র ও পশ্চাদ সংযোগ (Forward and backward linkage) শিল্প স্থাপনে সহায়তা করা হবে।

৪.৬ পণ্যের নকশা ও নমুনা উন্নয়ন, পণ্যমান নিয়ন্ত্রণ ও উন্নয়ন পরীক্ষণ, উৎপাদনশীলতা বৃদ্ধি, কারখানা উন্নয়ন ও সম্প্রসারণ, স্থানীয় ও বৈদেশিক বাজার সম্প্রসারণ এবং প্যাকেজিং বিষয়ে হস্ত ও কারুশিল্প উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা হবে।

৪.৭ হস্ত ও কারুশিল্পজাত পণ্যের গবেষণা ও উন্নয়নে (R&D) সরকারি বিনিয়োগের সাথে বেসরকারি খাতকে উৎসাহিত করা হবে। রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে উন্নত দেশসমূহের হস্ত ও কারুশিল্প পণ্যের ভোক্তা শ্রেণির রুচি ও চাহিদা বিশ্লেষণে প্রয়োজনীয় জ্ঞান ও অভিজ্ঞতা লাভে ব্যক্তিখাতের উদ্যোক্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪.৮ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে বাংলাদেশের হস্ত ও কারুপণ্য বহির্বিশ্বে পরিচিতির উদ্যোগ নেয়া হবে। এ জন্য দূতাবাসসমূহে হস্ত ও কারু পণ্যের প্রদর্শনের ব্যবস্থা (Display), হালনাগাদ হস্ত ও কারু পণ্যের ক্যাটালগ, পুস্তিকা ও লিফলেট সংরক্ষণ করা হবে। বিদেশে হস্ত ও কারুশিল্প পণ্যের চাহিদা এবং সঠিক মূল্য সম্পর্কে রপ্তানিকারকদের হালনাগাদ তথ্য সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করা হবে। বিভিন্ন দেশে হস্ত ও কারুশিল্প পণ্য রপ্তানির ক্ষেত্রে বিশেষ শুল্ক/অশুল্ক বাঁধা অপসারণে পদক্ষেপ নেয়া হবে। সরকার এ ক্ষেত্রে মূল ভূমিকা পালন করবে।

৪.৯ জাতীয় আয়ে হস্ত ও কারু শিল্পের অবদান নির্ণয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## অধ্যায়-৫

**৫.০ হস্ত ও কারুশিল্পী ও উদ্যোক্তা উন্নয়ন**

৫.১ দ্রুত পরিবর্তনশীল ও প্রতিযোগিতামূলক বিশ্ব বাজারে স্থান করে নেয়ার লক্ষ্যে দেশে দক্ষ ও সৃজনশীল কারুশিল্পী এবং দক্ষ ও উদ্যমী উদ্যোক্তা শ্রেণি গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করা হবে।

৫.২ গোষ্ঠী এবং পরিবারভিত্তিক কারুশিল্পীদের তাদের নিজস্ব পেশায় আগ্রহী এবং স্থিতিশীল হওয়ার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে।

৫.৩ দেশিয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী নতুন নতুন পণ্যের নকশা বিশেষ করে পণ্যের ছাঁচ, বর্ণ, অঙ্গসজ্জা ও বৈচিত্র্য সঙ্গতিপূর্ণ এবং নমুনা তৈরির লক্ষ্যে নকশা প্রণয়ন ও উন্নয়নে গুরুত্ব প্রদান করা হবে। এ উদ্দেশে বিসিক নকশাকেন্দ্রের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এর গবেষণামূলক কার্যক্রম আরও প্রায়োগিক ও সময়ানুগ করা হবে। প্রয়োজনে একটি হস্ত ও কারুশিল্প ডিজাইন ইনস্টিটিউট স্থাপন করা হবে। পাশাপাশি হস্ত ও কারু পণ্যভিত্তিক উন্নয়ন গবেষণা, নকশা প্রণয়নে শিক্ষা, নকশা উন্নয়ন এবং নকশা সম্পদ সংগ্রহ, কারিগরি বিন্যাস ও প্যাকেজ ডিজাইনের জন্য বেসরকারি খাতে প্রতিষ্ঠান গড়ে উঠার লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে।

৫.৪ বিশ্ব বাজার সম্পর্কে ধারণা লাভের জন্য বিভিন্ন দেশের জনগোষ্ঠীর রুচি, ধর্ম, সংস্কৃতি, নৃতাত্ত্বিক গোষ্ঠী ইত্যাদি বিষয়ে উদ্যোক্তা ও রপ্তানিকারকদের জ্ঞান বৃদ্ধির ব্যবস্থা নেওয়া হবে। এ ক্ষেত্রে বিভিন্ন ট্রেডবডি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

৫.৫ হস্ত ও কারুশিল্প খাতে উৎপাদনশীলতা বৃদ্ধি, মূল্য সংযোজন, পণ্যের গুণগতমাণ নিশ্চিতকরণের জন্য মানদণ্ডসমূহের প্রতিপালন, ব্যবসা কার্যক্রম ও ব্যবসা পদ্ধতির উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। বাংলাদেশ স্ট্যান্ডার্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই) সহ দেশে বিদ্যমান অন্যান্য মান নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান এবং আন্তর্জাতিক মান প্রমিতকরণ সংস্থা (ISO)'র সার্টিফিকেশন বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা নেওয়া হবে।

৫.৬ হস্ত ও কারুশিল্প খাতে উদ্যোক্তা উন্নয়ন, বিনিয়োগপূর্ব ও বিনিয়োগোত্তর পরামর্শ প্রদান, আর্থিক ব্যবস্থাপনা, বাজার ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে বিসিকের ক্ষুদ্র ও কুটির শিল্প প্রশিক্ষণ ইনস্টিটিউট (স্কিটি), বাংলাদেশ ব্যবস্থাপনা ইনস্টিটিউট (বিআইএম), বাংলাদেশ ব্যাংক প্রশিক্ষণ একাডেমি, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, এসএমই ফাউন্ডেশনসহ সংশ্লিষ্ট অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করা হবে।

৫.৭ বিসিকের ক্ষুদ্র ও কুটির শিল্প প্রশিক্ষণ ইনস্টিটিউট (স্কিটি) ও নকশা কেন্দ্র সংশ্লিষ্ট স্বীকৃত ট্রেডবডিসমূহের সহযোগিতায় দেশের বিভিন্ন জেলা-উপজেলায় হস্ত ও কারু সংশ্লিষ্ট বিভিন্ন ট্রেডের উপর নিবিড় প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হবে।

৫.৮ দেশিয় বাজারে হস্ত ও কারুশিল্প পণ্যের প্রতি ভোক্তা পর্যায়ে আগ্রহ ও চাহিদা তৈরির লক্ষ্যে বিভিন্ন প্রকার প্রচারমুখী কার্যক্রম গ্রহণ করা হবে।

## অধ্যায়-৬

**৬.০ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ভূমিকা**

৬.১ হস্ত ও কারুশিল্পের বিকাশে সংশ্লিষ্ট সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে কার্যকর সমন্বয় করা হবে যাতে এসব প্রতিষ্ঠান যথাযথ সহায়তা প্রদান করতে পারে।

৬.২ বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) হস্ত ও কারুশিল্পের পোষক কর্তৃপক্ষ (Sponsoring Authority) হিসেবে কাজ করবে। সরকারি ও বেসরকারি খাত হতে সহায়তা লাভের উদ্দেশ্যে সকল হস্ত ও কারুশিল্প প্রতিষ্ঠানকে বিসিক কর্তৃক নিবন্ধিত হতে হবে।

৬.৩ হস্ত ও কারুশিল্পকে উৎসাহিত করার লক্ষ্যে বিসিক শিল্পনগরীতে এ শিল্পের জন্য প্লট বরাদ্দ করা হবে।

৬.৪ দেশে বিদ্যমান ও লুপ্তপ্রায় কারুপল্লীসমূহের উন্নয়নে সরকারিভাবে অথবা এ শিল্পের সাথে জড়িত স্বীকৃত ট্রেডবডিসমূহের সম্পৃক্ততা সৃষ্টির মাধ্যমে বাংলাদেশ ব্যাংক, সরকারি-বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং বিসিক, বাংলাদেশ তাঁত বোর্ড, বাংলাদেশ রেশম বোর্ড, এসএমই ফাউন্ডেশন, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন ইত্যাদি প্রতিষ্ঠান অর্থায়ন, প্রশিক্ষণ ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬.৫ হস্ত ও কারুশিল্প প্রতিষ্ঠান স্থাপন ও এ খাতের পণ্য রপ্তানির ক্ষেত্রে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক হতে স্পষ্ট নীতিমালার ভিত্তিতে বিশেষ ঋণ সুবিধা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। এ ক্ষেত্রে নারী মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান, গ্রামীণ উদ্যোক্তা, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের বিশেষ গুরুত্ব দেয়া হবে।

৬.৬ রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) এবং বাংলাদেশ দূতাবাসসমূহ বহির্বিশ্বে হস্ত ও কারুশিল্পজাত পণ্যের বাজার উন্নয়ন ও সম্প্রসারণে পদক্ষেপ গ্রহণ করবে এবং বিদেশে হস্ত ও কারুশিল্পজাত পণ্য মেলায় বাংলাদেশি প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে সহায়তা প্রদান করবে।

৬.৭ পর্যটকদের আকর্ষণ করা ও পর্যটন খাতকে উৎসাহিত করার লক্ষ্যে দেশের আন্তর্জাতিক বিমানবন্দরগুলোতে (সরকার কর্তৃক মনোনীত প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে) শো-রুম গড়ে তোলা, উক্ত শো-রুমগুলোতে মানসম্মত হস্ত ও কারুশিল্পজাত পণ্যসমূহের বিক্রয় ও প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬.৮ দেশিয় ঐতিহ্য ও কৃষ্টির পরিচায়ক হস্ত ও কারু শিল্প সংরক্ষণে রাজধানীতে একটি স্থায়ী প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র এবং দেশিয় সকল হস্ত ও কারু পণ্যের বিক্রির লক্ষ্যে বিভিন্ন শহরে কারু হাট স্থাপন করার পদক্ষেপ গ্রহণ করা হবে। এ ক্ষেত্রে ব্যক্তি খাত নেতৃত্ব প্রদান করলে সরকার প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

৬.৯ ব্যক্তিখাত এবং ট্রেডবডিসমূহ এ খাতে কর্মরত কারুশিল্পীদের (Artisan at work) নিয়ে মেলা আয়োজন করে দেশি-বিদেশি পর্যটকদের বাংলাদেশের ঐতিহ্যের প্রতি আকৃষ্ট করার নিয়মিত প্রয়াস গ্রহণ করবে। সরকার এ ক্ষেত্রে সহায়তা প্রদান করবে।

৬.১০ বাংলাদেশ পর্যটন করপোরেশন ও বাংলাদেশ বিমান বিদেশি পর্যটকদের কাছে বাংলাদেশি হস্ত ও কারুশিল্পজাত পণ্যের প্রচারে প্রয়োজনীয় ভূমিকা রাখবে। বাংলাদেশ পর্যটন করপোরেশন হস্ত ও কারুশিল্পজাত পণ্যের কারুপল্লী ও অঞ্চলগুলোর সাথে পর্যটকদের সংযোগ স্থাপনে প্রয়োজনীয় সহায়তা ও সহযোগিতা প্রদানে ভূমিকা রাখবে।

৬.১১ বিসিক দেশের প্রত্যন্ত অঞ্চলের কারুশিল্পী ও উদ্যোক্তাদের জন্য কারুপল্লীভিত্তিক সহায়ক কেন্দ্র (Crafts Facilitation Centre) এবং বাণিজ্য সহায়ক কেন্দ্র (Trade Facilitation Centre) হিসেবে ভূমিকা পালন করবে।

৬.১২ দেশিয় হস্ত ও কারুশিল্পের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিসিক কর্তৃক জাতীয়ভিত্তিক জরীপ পরিচালনা করে বিনিয়োগ, উৎপাদন, কর্মসংস্থান ইত্যাদি তথ্যের ভিত্তিতে তথ্যভাণ্ডার প্রণয়ন করা হবে।

৬.১৩ এ শিল্প খাতের নীতি বাস্তবায়ন, সমস্যা চিহ্নিতকরণ এবং সুপারিশ প্রদানের জন্য সংশ্লিষ্ট সরকারি এবং বেসরকারি সংস্থা, প্রতিষ্ঠান ও ট্রেডবডির প্রতিনিধির সমন্বয়ে একটি ‘হস্ত ও কারুশিল্প নীতিমালা সমন্বয় পরিষদ’ (পরিশিষ্ট-২) গঠন করা হবে এবং উক্ত সমন্বয় পরিষদের সুপারিশ বাস্তবায়নের জন্য একটি ‘হস্ত ও কারুশিল্প বাস্তবায়ন পরিষদ’ গঠন করা হবে (পরিশিষ্ট-৩)।

## অধ্যায়-৭

### ৭.০ হস্ত ও কারু শিল্পখাতে প্রণোদনা

### ৭.১ রাজস্ব প্রণোদনা

৭.১.১ বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক আমদানি নীতিতে দেশিয় হস্ত ও কারুশিল্পের সুরক্ষামূলক ব্যবস্থা অন্তর্ভুক্তকরণে এবং রপ্তানি নীতিতে বিশেষ প্রণোদনার ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭.১.২ সরকার জাতীয় রাজস্ব বোর্ডের সাথে পরামর্শক্রমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হস্ত ও কারুশিল্প খাতের উন্নয়ন নিশ্চিত করতে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতির উপর শুল্ক কর অব্যাহতি সুবিধা প্রদান করার এবং যে সকল কাঁচামাল দেশে সহজলভ্য বা পর্যাপ্ত নয় সে সকল কাঁচামাল আমদানির ক্ষেত্রে বিশেষ শুল্ক সুবিধা প্রদানের পদক্ষেপ গ্রহণ করবে।

৭.১.৩ হস্ত ও কারুশিল্প স্থাপনে মূলধনী যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে হ্রাসকৃত শুল্ক সুবিধা প্রাপ্ত হলে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে না।

### ৭.২ আর্থিক প্রণোদনা

৭.২.১ হস্ত ও কারুশিল্পজাত পণ্যের রপ্তানিতে নগদ সহায়তা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

৭.২.২ হস্ত ও কারুশিল্পজাত পণ্য সরকারের প্রচলিত বিধান অনুযায়ী ডিউটি-ড্র ব্যাক-এর সুবিধা প্রাপ্ত হবে।

৭.২.৩ হস্ত ও কারুশিল্প স্থাপনে বাংলাদেশ ব্যাংকে একটি স্বতন্ত্র পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হবে যার আওতায় ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে উদ্যোক্তা পর্যায়ে ন্যূনতম সুদের হারে অর্থায়ন করা হবে। এ স্কিমের আওতায় নারী উদ্যোক্তাদের জন্য অগ্রাধিকার ও বিশেষ বরাদ্দ থাকবে।

৭.২.৪ বিভিন্ন দেশে অনুষ্ঠেয় আন্তর্জাতিক বাণিজ্য মেলা, একক পণ্যভিত্তিক মেলা ও অন্যান্য বাজার উন্নয়ন কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য প্রয়োজনীয় সহায়তা করা হবে। ব্যক্তিখাত এ ক্ষেত্রে মূল ভূমিকা পালন করবে।

৭.২.৫ আমদানিকৃত কাঁচামাল ও উৎপাদিত পণ্যের মান স্বল্প মূল্যে পরীক্ষা করার জন্য টেস্টিং সুবিধা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭.২.৬ এ খাতে নারী উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে তুলনামূলক নমনীয় শর্তে ব্যাংক ঋণ ও অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

### ৭.৩ বিপণন প্রণোদনা

৭.৩.১ বিভিন্ন ক্ষুদ্র উদ্যোক্তা ও প্রান্তিক জনগোষ্ঠীর হস্ত ও কারুশিল্পজাত পণ্যের উৎপাদন এবং বিপণনে বিশেষ সাহায্য ও সহযোগিতা করা হবে।

৭.৩.২ কারুশিল্পীদের পণ্য বিপণনে সহায়তার লক্ষ্যে ওয়েবসাইটের মাধ্যমে ‘ভার্চুয়াল শপ’ স্থাপনে সহায়তা করা হবে।

### ৭.৪ অন্যান্য প্রণোদনা

৭.৪.১ বছরের একটি দিনকে জাতীয় হস্ত ও কারুশিল্প দিবস (National Crafts Day) ঘোষণা করা হবে এবং প্রতি বছর ওই দিন এ শিল্পে নিয়োজিত কারুশিল্পদের ‘জাতীয় শ্রেষ্ঠ কারুশিল্পী পুরস্কার’ প্রদান করা হবে।

৭.৪.২ ভৌগোলিক নির্দেশকভুক্ত হস্ত ও কারু শিল্প পণ্যের উৎপাদন পর্যায়ে সহযোগিতা প্রদান করা হবে।

**অধ্যায়-৮**

**৮.০ হস্ত ও কারুশিল্প পণ্যের রপ্তানি উন্নয়ন**

৮.১ হস্ত ও কারুশিল্প পণ্যের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে সরকারি ও বেসরকারি খাতের মধ্যে সমন্বয় করে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হবে এবং তা বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮.২ কার্যকর বিপণন কর্মসূচির মাধ্যমে বাংলাদেশের হস্ত ও কারুশিল্পপণ্যের ব্র্যান্ডিংয়ে জোর দেয়া হবে।

৮.৩ দেশের হস্ত ও কারুশিল্পজাত পণ্য রপ্তানি সহজীকরণে পণ্যের Specific HS (Harmonized System) Classification প্রণয়নে পদক্ষেপ নেয়া হবে। পণ্য নির্বিশেষে এ খাতের রপ্তানি আয় সঠিকভাবে প্রদর্শিত হতে হবে।

৮.৪ সরকার মনোনীত প্রতিষ্ঠান হস্ত ও কারুশিল্প পণ্যের উৎস দেশ (Country of Origin) প্রত্যয়ন করবে।

৮.৫ উন্নত দেশগুলোর সাথে দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে হস্ত ও কারুশিল্প পণ্য রপ্তানিতে প্রাধিকারভিত্তিক সুযোগ-সুবিধা (Preferntial Treatment) লাভের পদক্ষেপ গ্রহণ করা হবে।

৮.৬ হস্ত ও কারুশিল্প পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানগুলোর জন্য রপ্তানি ঋণ সহায়তা স্কিম (Export Credit Guarantee Scheme) এবং রপ্তানি সহায়তা তহবিল (Export Promotion Fund) প্রবর্তনে পদক্ষেপ গ্রহণ করা হবে।

৮.৭ পণ্য রপ্তানির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের জনস্বাস্থ্য, পরিবেশ ও অন্যান্য বিধি-নিষেধের (Compliance and Conformity Regulation) বিষয়ে উদ্যোক্তাদের সচেতন করার জন্য ট্রেড বডিসমূহ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করবে।

**পরিশিষ্ট-১**

**বাংলাদেশের গুরুত্বপূর্ণ হস্ত ও কারুশিল্প পণ্য**

১. তাঁতজাত পণ্য যেমনঃ বেনারসি শাড়ি, জামদানি শাড়ি, টাঙ্গাইল শাড়ি, সিল্ক শাড়ি (রাঙ্গামাটি/চাকমা, রাজশাহী), মণিপুরী বস্ত্র, সিরাজগঞ্জের তাঁতের শাড়ি, চাঁপাইনবাবগঞ্জের শাড়ি, ঠাকুরগাঁওয়ের শাড়ি, অন্যান্য তাঁত বস্ত্র ইত্যাদি।

২. বস্ত্রজাত পণ্য যেমনঃ নকশি কাঁথা, ব্যাগ, বেড কভার, কুশন, গহনার বাক্স, ওয়াল ম্যাট, ক্ষুদ্র নৃগোষ্ঠীদের বস্ত্র ও বিভিন্ন কারুশিল্প সামগ্রী, পাঞ্জাবী, টুপি, ব্লক, বাটিক, স্ক্রিন প্রিন্টের তৈরি ব্যবহার্য বস্ত্র, সুতার কুরুশের কাজ, কাপড়ের ফুল, সুচিশিল্প ইত্যাদি।

৩. চামড়াজাত পণ্য যেমনঃ নকশি ব্যাগ, মানি ব্যাগ, অফিস ব্যাগ, ফাইল ব্যাগ, লেডিস ব্যাগ, পার্স, বেল্ট, পোশাক, টুপি, চাবির ব্যাগ, ডাক্তারি ব্যাগ, ট্রাভেল ব্যাগ, পেন্সিল হোল্ডার, ওয়াল হ্যাঙ্গিং, ডেকোরেশন পিস, জুয়েলারি বক্স, ফটোফ্রেম, জুতা, স্যান্ডেল ইত্যাদি।

৪. কাঠজাত পণ্য যেমনঃ গৃহস্থালি সামগ্রী, ফুলদানি, ট্রে, ফটো ফ্রেম, ছাইদানি, শো-পিস, পেন্সিল হোল্ডার, ভাস্কর্য, শোকেইস, ফ্যান্সি আসবাবপত্র, কানের দুল, জুয়েলারি বক্স, আয়নার ফ্রেম ইত্যাদি।

৫. বাঁশজাত পণ্য যেমনঃ মাছ ধরার উপকারণাদি, মই, জোয়াল, ঝুড়ি, বাঁশি, ফুলদানি, খেলনা, লাইট শেড, ফলস্ পার্টিশন, সোফা সেট, শোকেইস, বিভিন্ন প্রকার শো-পিস, ঝাড়বাতি, ছাইদানি, ট্রে, বাস্কেট, টেবিল ম্যাট, ট্রে ইত্যাদি।

৬. বেতজাত পণ্য যেমনঃ মোড়া, চেয়ার, টেবিল বেতের আসবাবপত্র, বেতের ঝুড়ি, দোলনা, সোফা, খাট, বুক-সেল্ফ, টেবিল ম্যাট, ফটো ফ্রেম, টেবিল ল্যাম্প, লাইট শেড, বিভিন্ন ধরনের ট্রে ইত্যাদি।

৭. মৃৎ শিল্প যেমনঃ গৃহস্থালি সামগ্রী, শো-পিস, মাটির খেলনা, ফুলদানি, ফুলের টব, ছাইদানি, পেন্সিল হোল্ডার, ভাস্কর্য'র ঝাড়বাতি, লাইট শেড, মাটির অলংকার, ওয়ালমেট, মুড়াল চিত্রকলা, টেরাকোটা, মাটির তৈরি পুতুল, খেলনা, ঝুলন্ত শো-পিস, বিভিন্ন ধরনের প্রাণির মূর্তি ইত্যাদি।

৮. মোমজাত পণ্য যেমনঃ জন্মদিনের মোমবাতি, মোমের পুতুল, শো-পিস, বিভিন্ন প্রাণির অবয়ব ইত্যাদি।

৯. পাটজাত পণ্য যেমনঃ চট, ব্যাগ, ওয়াল ম্যাট, কার্পেট, পাপোশ, ঝুড়ি, ছিকা, স্যান্ডেল, শতরঞ্জি, মিক্সড আইটেম (যেমনঃ পাট-চামড়ার ঝুড়ি, ব্যাগ, স্যান্ডেল, জুতা, লেডিস পার্স), শপিং ব্যাগ, লেডিস ব্যাগ, পুরুষদের সাইড ব্যাগ, ল্যাপটপ ব্যাগ, টিফিন ব্যাগ, ক্রিস্টমাস ব্যাগ, ড্র স্ট্রিং ব্যাগ, ওয়াইন ব্যাগ, নার্সারি ব্যাগ, নার্সারি পট, নার্সারি শীট, বারলাপ টেপ, জুট রিবন, জুট নেট, স্পাইরাল টিউব, স্পাইরাল ব্যাগ, ডাইড জুট ফেব্রিকস, ফ্রেইড বারলাপ, টেবিল টপার, কেমো বারলাপ, ওয়্যার বল, প্লেস মেট, টেবিল রানার, বারলাপ লিফ জুটের হ্যান্ড কার্পেট, ট্যাপেস্ট্রি, টেবিল ম্যাট, হ্যামোক ইত্যাদি।

১০. ঝিনুক শিল্প যেমনঃ গলার মালা, কানের দুল, হাতের বালা, চুড়ি, ঝাড়বাতি, শো-পিস, টেবিল ল্যাম্প, জুয়েলারি বক্স, সাইড টেবিল, উড ইনলে (মিশ্র মাধ্যম) ইত্যাদি।

১১. ধাতব শিল্প যেমনঃ তৈজষপত্র, কাঁশা ও পিতলের বিভিন্ন প্রাণি, পাত্র, বোতাম, দরজা ও বিভিন্ন আসবাবপত্র, বিভিন্ন কিচেন সামগ্রী, শো-পিস, পার্টিশন, ওয়াল ম্যাট, পেন হোল্ডার, বোতাম, উড ইনলে স্টীলের খাট, আলমিরা ইত্যাদি।

১২. পুতুল শিল্প যেমনঃ কাপড়, কাঠ, মাটি ও কাগজ ইত্যাদির তৈরি পুতুল ইত্যাদি।

১৩. হ্যান্ড মেইড পেপার যেমনঃ হাতের তৈরি বোর্ড, শো-পিস, জন্ম দিন, নববর্ষ, দাওয়াতের কার্ড, ল্যাম্প শেড, মুখোশ, ওয়াল শো-পিস ইত্যাদি।

১৪. অলংকার যেমনঃ সোনা ও রূপার চেইন, হাতের চুড়ি, গলার হার, নাক ফুল, পায়ের খাড়ু, বাজু, কোমড়ের বিছা, ঘড়ির চেইন, মাথার ক্লিপ, বোতাম এবং মুক্তার অলংকার ও তামা, কাসা, পিতল লোহা, শঙ্খ, বাঁশ, মাটির অলংকার ইত্যাদি।

১৫. আঁশ জাতীয় পণ্য যেমনঃ নারিকেলের ছোবড়ার শো-পিস, রশি ও নেট জাতীয় দ্রব্য, কয়ার নেট, কয়ার রোপ, নেস্ট (পাখির বাসা) পট, কয়ার পিট, তালের আঁশের টুপি, ঝুড়ি, মাদুর, ল্যাম্প শেড, টেবিল ম্যাট, ওয়াল ম্যাট, জায়নামাজ, শীতল পাটি ও জাতীয় পণ্য ইত্যাদি।

১৬. পাতা জাতীয় পণ্য যেমনঃ হোগলাপাতা, তালপাতা, গোলপাতা, নলখাগড়া, কচুরিপানা, খেঁজুর পাতা ইত্যাদি।

১৭. শোলাজাত পণ্য যেমনঃ শো-পিস, প্রাণির অবয়ব, টুপি, মুকুট ইত্যাদি।

১৮. তুলা শিল্পঃ লেপ, তোষক, বালিশ, জাজিম, শোপিস ইত্যাদি।

১৯. বিবিধঃ খয়ের, চুন, গুড়, জ্যাম, জেলি, মাশরুম, আচার, দুধের তৈরি মিষ্টি, নাড়ু, সূতার হাতপাখা, সূতার মাছ ধরার জাল, সূতার ব্যাগ, উল (পশম জাতীয়) ইত্যাদি।

(এ তালিকা সময়ে সময়ে পরিবর্তন ও পরিবর্ধনযোগ্য)।

**পরিশিষ্ট-২**

**হস্ত ও কারুশিল্প নীতিমালা সমন্বয় পরিষদ**

হস্ত ও কারুশিল্প নীতিমালা বাস্তবায়ন সমন্বয়ের জন্য 'হস্ত ও কারুশিল্প নীতিমালা সমন্বয় পরিষদ' নামে একটি পরিষদ থাকবে, যা নিম্নোক্তভাবে গঠিত হবে। এ সমন্বয় পরিষদ হস্ত ও কারুশিল্প সংক্রান্ত নীতি-কাঠামোর জন্য সর্বোচ্চ পরিষদ হিসেবে বিবেচিত হবে।

| | | |
|---|---|---|
| ০১. | মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সভাপতি |
| ০২. | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ০৩. | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ০৪. | সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| ০৫. | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| ০৬. | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ০৭. | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ০৮. | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| ০৯. | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১৩. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১৪. | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ১৫. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ১৬. | চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন | সদস্য |
| ১৭. | সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ১৮ | অতিরিক্ত সচিব (স্বস ও অডিট), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ১৯. | চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটি শিল্প করপোরেশন (বিসিক) | সদস্য |
| ২০. | চেয়ারম্যান, এসএমই ফাউন্ডেশন | সদস্য |
| ২১. | ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ২২. | নির্বাহী সদস্য, বাংলাদেশ বিনিয়োগ বোর্ড | সদস্য |
| ২৩. | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) | সদস্য |
| ২৪. | ডীন, চারু ও কলা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ২৫. | সভাপতি, ন্যাশনাল এ্যাসোসিয়েশন অব স্মল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ বাংলাদেশ (নাসিব) | সদস্য |
| ২৬. | সভাপতি, উইমেন অনট্রাপ্রানার্স এসোসিয়েশন | সদস্য |
| ২৭. | সভাপতি, বাংলাক্রাফ্‌ট | সদস্য |
| ২৮. | সভাপতি, বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদ | সদস্য |
| ২৯. | সরকার কর্তৃক মনোনীত হস্ত ও কারুশিল্প বিশেষজ্ঞ (২ জন) | সদস্য |
| ৩০. | যুগ্ম সচিব (নীতি)/উপসচিব (নীতি), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**পরিষদের কার্যপরিধি**

১. প্রতি ০৬ (ছয়) মাসে পরিষদ একবার সভায় মিলিত হবে। পরিষদ হস্ত ও কারুশিল্পনীতি যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করবে এবং নীতি বাস্তবায়নে কোথাও কোন সমস্যা হলে তা সমাধান কিংবা সমাধানের সুপারিশ করবে।

২. পরিষদ প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

**পরিশিষ্ট-৩**

**হস্ত ও কারুশিল্প নীতিমালা বাস্তবায়ন পরিষদ**

হস্ত ও কারুশিল্প নীতিমালা সমন্বয় পরিষদ এর সুপারিশের আলোকে হস্ত ও কারুশিল্প নীতিমালা বাস্তবায়নে নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে 'হস্ত ও কারুশিল্প নীতিমালা বাস্তবায়ন পরিষদ' গঠন করা হবে।

| | | |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) | সভাপতি |
| ০২. | পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ বোর্ড | সদস্য |
| ০৩. | নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ০৪. | মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য |
| ০৫. | পরিচালক, বাংলাদেশ পর্যটন করপোরেশন | সদস্য |
| ০৬. | সদস্য, বাংলাদেশ ট্যারিফ কমিশন | সদস্য |
| ০৭. | সদস্য, বাংলাদেশ তাঁত বোর্ড | সদস্য |
| ০৮. | সদস্য, বাংলাদেশ পাটকল কর্পোরেশন | সদস্য |
| ০৯. | সদস্য, রেশম বোর্ড | সদস্য |
| ১০. | পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ১১. | পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১২. | ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন | সদস্য |
| ১৩. | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) | সদস্য |
| ১৪. | অধ্যাপক, চারু ও কারু কলা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৫. | পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন | সদস্য |
| ১৬. | সভাপতি, বাংলাক্রাফ্ট | সদস্য |
| ১৭. | সভাপতি, ন্যাশনাল এ্যাসোসিয়েশন অব স্মল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ বাংলাদেশ (নাসিব) | সদস্য |
| ১৮ | সভাপতি, বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদ | সদস্য |
| ১৯. | সভাপতি, উইমেন অনট্রাপ্রানার্স এসোসিয়েশন | সদস্য |
| ২০. | সরকার কর্তৃক মনোনীত হস্ত ও কারুশিল্প বিশেষজ্ঞ (২ জন) | সদস্য |
| ২১. | পরিচালক (বিপণন), বিসিক | সদস্য-সচিব |

**পরিষদের কার্য পরিধি**

১. প্রতি তিন মাস অন্তর পরিষদ সভায় মিলিত হবে। জরুরি প্রয়োজনে যে কোন সময় সভা আহ্বান করা যাবে।

২. সমন্বয় পরিষদের সুপারিশের আলোকে বাস্তবায়ন পরিষদ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে এবং সময়ে সময়ে বাস্তবায়ন অগ্রগতি সমন্বয় পরিষদকে অবহিত করবে।

৩. হস্ত ও কারুশিল্প খাতের উন্নয়নে বাস্তবায়ন পরিষদ প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন করে সমন্বয় পরিষদের বিবেচনার জন্য পেশ করবে।

৪. জাতীয় আমদানি ও রপ্তানি নীতি, শিল্পনীতি এবং জাতীয় বাজেট প্রণয়নকালে পরিষদ প্রয়োজনীয় সুপারিশ পেশ করবে।

৫. বিভিন্ন আর্থিক প্রণোদনার বিষয়ে বাস্তবায়ন পরিষদ সমন্বয় পরিষদের নিকট সুপারিশ পেশ করবে।

৬. পরিষদ প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ১৬ এপ্রিল ২০১৫

**নং বিচার-৭/২এন-১৬০/৮০(অংশ)-২২১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মুহাঃ আঃ জলির, পিতা মুহাঃ আক্কাছ আলী, মাতা মোসাঃ খায়রুন নেছা, গ্রাম পূর্ব চড়াইল, ডাকঘর ও উপজেলা কেরাণীগঞ্জ, জেলা ঢাকা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলার কালিন্দি ইউনিয়নের ১, ২, ৩ ও ৯ নং ওয়ার্ডের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোঃ জাহিদুল কবির**
সিনিয়র সহকারী সচিব।

---

**আদেশ**

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৫

**নং বিচার-৭/২এন-৩৬/২০০৩(অংশ-১)-১২৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আবু তাহের, পিতা মৃত-রাহমাতুল্লাহ, মাতা-আমেনা বেগম, গ্রাম ও ডাকঘর-জামুর্কী, উপজেলা-মির্জাপুর, জেলা-টাংগাইল)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাংগাইল জেলার মির্জাপুর উপজেলার ০২ নং জামুর্কী ইউনিয়নের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোহাম্মদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**শাখা-১০**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২ বৈশাখ ১৪২২/১৫ এপ্রিল ২০১৫

**নং ২৫.০০.০০০০.০২৩.০৩১.০১০.১৩-১০৬**—সরকার পরিত্যক্ত সম্পত্তির 'ক' তালিকাভুক্ত এবং সংরক্ষিত বাড়ি নং-১৩২ নিউ ইস্কাটন, ঢাকা (জমির পরিমাণ ১৮.১৬ শতাংশ) বাড়িটি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুকূলে বিক্রয়ের নিমিত্ত পরিত্যক্ত সংরক্ষিত তালিকা হতে বিক্রয় তালিকায় আনয়ন করলেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শরাফত আলী**
সহকারী সচিব।

---

**বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ এপ্রিল ২০১৫

**নং ৫৬.০২.০০০০.০০৬.১৮.০৮৫.১৫-৫৬৫**—বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নির্বাহী কমিটির ১৬তম সভা এবং বে-সরকারি সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপন সংক্রান্ত গাইড লাইন এবং প্রস্তাবিত বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা এর সাথে সামঞ্জস্যতা বিবেচনায় রেখে নিম্নলিখিত শর্তে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (সংশোধন-২০১৪) এর ২২ ধারার ক্ষমতাবলে Accenture Communications Infrastructure Solutions Ltd. এর একসেনচার সার্ভিস ডেলিভারি প্রাঙ্গণ-নিলয়, ম্যানশন, বাড়ি নং-১১, রোড নং-১১৩/এ, গুলশান-২, ঢাকা-কে "বে-সরকারি সফটওয়্যার টেকনোলজি পার্ক" ঘোষণা করা হ'ল ঃ

**শর্তাবলী ঃ**

(১) Accenture Communications Infrastructure Solutions Ltd. বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০, বে-সরকারি এসটিপি গাইডলাইন এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন এর আওতায় প্রণীত সকল বিধি, প্রবিধি, গাইডলাইন এবং এ সংক্রান্ত সময় সময় সরকার কর্তৃক প্রবর্তিত অন্যান্য বিধান নির্দেশাবলী প্রতিপালন করতে বাধ্য থাকবে।

(২) ঘোষিত এ পার্কে বিনিয়োগের জন্য Accenture Communications Infrastructure Solutions Ltd. সরকার কর্তৃক প্রদত্ত সকল প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবে।

(৩) ঘোষিত এ অনুমতিপত্র তৃতীয় কোন পক্ষের নিকট হস্তান্তর করা যাবে না।

(৪) কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতিত Accenture Communications Infrastructure Solutions Ltd. পার্ক অনুমতিপত্রে বর্ণিত স্থানের সম্পূর্ণ বা কোন অংশ তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর বা স্থানান্তর করতে পারবেনা।

(৫) Accenture Communications Infrastructure Solutions Ltd. অর্থ বিভাগ কর্তৃক পার্ক অনুমতিপত্রের জন্য নির্ধারিত ফি পরিশোধ করতে বাধ্য থাকবে।

(৬) Accenture Communications Infrastructure Solutions Ltd. কোন নিষিদ্ধ, বে-আইনী বা অবৈধ কার্যক্রমের সাথে জড়িত হতে পারবেনা।

(৭) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ যে কোন সময় Accenture Communications Infrastructure Solutions Ltd. এর কার্যক্রম বা আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির বিষয়ে ঘোষিত পার্কটি পরিদর্শন করতে পারবে।

(৮) অনুচ্ছেদ ৩ ও ৪ নং শর্তে বর্ণিত বিধান লংঘন করলে তার অনুমতিপত্র স্বয়ংক্রিয়ভাবে প্রত্যাহৃত বলে গণ্য হবে এবং Accenture Communications Infrastructure Solutions Ltd. এর বিরুদ্ধে কর্তৃপক্ষ শাস্তিমূলক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(৯) এ ঘোষণাপত্র ২০২৩ সনের ফেব্রুয়ারি মাস পর্যন্ত কার্যকর থাকবে। পরবর্তিতে আবেদনকারী প্রতিষ্ঠানের কার্যক্রম সন্তোষজনক হলে তা বৃদ্ধি করা হবে।

(১০) Accenture Communications Infrastructure Solutions Ltd. বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, বিধি, প্রবিধি, সরকার বা কর্তৃপক্ষের কোন আদেশ বা নির্দেশনা পুনঃ পুনঃ লংঘন করলে বা আবেদনপত্রে কোন অসত্য তথ্য প্রদান করে থাকলে কারণ দর্শানোর সুযোগ দিয়ে কর্তৃপক্ষ পার্ক অনুমতিপত্র বাতিল, প্রত্যাহার বা কোন অংশ প্রত্যাহার করতে পারবে।

(১১) এ ঘোষণপত্র আদেশ জারির তারিখ থেকে বলবৎ হবে।

**হোসনে আরা বেগম এনডিসি**
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)।